# পঞ্চম অধ্যায়

# কোভিড-১৯ প্রণোদনা তহবিল পরিচালন নীতিমালা

# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

## কোভিড-১৯ প্রণোদনা তহবিল পরিচালন নীতিমালা

প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.org.bd

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১.০ | ভূমিকা | ১ |
| ২.০ | রূপকল্প বা ভিশন | ১ |
| ৩.০ | অভিলক্ষ্য বা মিশন | ১ |
| ৪.০ | লক্ষ্য ও উদ্দেশ্য | ১ |
| ৫.০ | বাস্তবায়ন পদক্ষেপসমূহ | ১-৩ |
| ৬.০ | সুফলভোগী জনগোষ্ঠী | ৩ |
| ৬.১ | সুফলভোগী শ্রেণিবিন্যাস | ৩-৪ |
| ৭.০ | আবেদনপত্র বাছাই প্রক্রিয়া | ৪ |
| ৮.০ | ঋণ প্রাপ্তির যোগ্যতা | ৪ |
| ৮.১ | প্রাথমিক যাচাই কমিটি | ৪ |
| ৮.২ | প্রাথমিক যাচাই কমিটির কার্যপরিধি | ৫ |
| ৮.৩ | 'উপজেলা কুটির ও ক্ষুদ্র উদ্যোক্তা নির্বাচন ও ঋণ অনুমোদন কমিটি' | ৫ |
| ৮.৪ | কমিটির কার্যপরিধি | ৫ |
| ৮.৫ | মাঝারি উদ্যোক্তা অনুমোদন কমিটি | ৫ |
| ৮.৬ | মাঝারি উদ্যোক্তা অনুমোদন কমিটি কর্মপরিধি | ৫ |
| ৯.০ | আবেদন পর্যায়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি | ৬ |
| ১০.০ | বিনিয়োগের খাতসমূহ | ৬ |
| ১০.২ | বিনিয়োগের কয়েকটি খাতের উদাহরণ | ৬ |
| ১১.০ | ঋণের প্রয়োজনীয় জামানতসমূহ | ৭ |
| ১২.০ | ঋণ তহবিল,ঋণের সীমা,মেয়াদ, সেবামূল্য ও সঞ্চয় আদায় | ৭ |
| ১২.১ | ঋণ তহবিলের উৎস | ৭ |
| ১২.২ | ঋণ সীমা | ৭ |
| ১২.৩ | ঋণের মেয়াদ | ৭ |
| ১২.৪ | ঋণের সেবামূল্য | ৭ |
| ১২.৫ | সঞ্চয় আদায় ও জমা | ৭-৮ |
| ১৩.০ | বিজনেস প্ল্যান অনুমোদন ও ঋণ মঞ্জুরি | ৮ |
| ১৩.১ | অনুমোদন ও মঞ্জুরির পর্যায় | ৮-৯ |
| ১৪.০ | ঋণ বিতরণ প্রক্রিয়া | ৯ |
| ১৪.১ | কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা | ৯ |
| ১৪.২ | ঋণ বিতরণের ডেডলাইন | ৯ |

| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১৪.৩ | ঋণ বিতরণ প্রক্রিয়া | ৯-১০ |
| ১৪.৪ | কিস্তি আদায় প্রক্রিয়া | ১০ |
| ১৪.৫ | ব্যবসায়ে মজুদ মালের পরিমাণ | ১০ |
| ১৪.৬ | ঋণ আবেদন | ১০-১১ |
| ১৪.৭ | ঋণ প্রক্রিয়াকরণ ফি | ১১ |
| ১৪.৮ | ঋণের ঝুঁকি মোকাবেলার জন্য ঝুঁকি তহবিল | ১১ |
| ১৪.৯ | ঋণ আবেদন প্রক্রিয়া | ১১ |
| ১৪.১০ | ঋণ যাচাই-বাছাই অনুমোদন | ১১ |
| ১৪.১১ | পাশবহি | ১১ |
| ১৪.১২ | ঋণ নথি সংরক্ষণ | ১১-১২ |
| ১৫.০ | তহবিল ছাড়করণ ও ব্যাংক হিসাব পরিচালনা | ১২ |
| ১৬.০ | হিসাব সংরক্ষণ | ১২-১৩ |
| ১৭.০ | ঋণ আদায় | ১৩-১৪ |
| ১৮.১ | কভিড-১৯ প্রণোদনা তহবিলের হিসার সংরক্ষণের জন্য অটোমেশনে অনলাইন তথ্য ও ডাটা পোষ্টিং | ১৪-১৫ |
| ১৮.২ | পুনরায় ঋণের আবেদন | ১৫ |
| ১৮.৩ | মনিটরিং ও রিপোর্টিং | ১৫ |
| ১৯.০-১৯.৪ | কোভিড-১৯ প্রণোদনা তহবিল ব্যবহার সংক্রান্ত হিসাব পরিচালনা পদ্ধতি | ১৫-১৬ |
| ১৯.৫ | অডিট | ১৬ |
| ২০.০-২০.২ | নীতিমালা প্রয়োগ ও সংশোধনের ক্ষমতা | ১৬ |
| | পরিশিষ্ট - ১ | ১৭ |
| | পরিশিষ্ট - ২ | ১৮ |
| | পরিশিষ্ট - ৩ | ১৯ |
| | পরিশিষ্ট - ৪ | ২০ |
| | পরিশিষ্ট - ৫ | ২১ |
| | পরিশিষ্ট - ৬ | ২২ |
| | পরিশিষ্ট - ৭ | ২৩ |
| | পরিশিষ্ট - ৮ | ২৪ |
| | পরিশিষ্ট - ৯ | ২৫ |

# কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল পরিচালন নীতিমালা

## ১.০ ভূমিকা

কোভিড-১৯ এর পরিস্থিতিতে পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতকে লক্ষ্য করে গ্রামীণ এলাকায় ঋণদান কার্যক্রম প্রণোদনা প্যাকেজের আওতায় বাস্তবায়ন করা হবে। এ প্রণোদনা প্যাকেজের আওতায় এসএফডিএফ-এর ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোক্তাসহ গ্রামীণ অর্থনীতিতে পুনর্বাসন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্র ও কুটির শিল্পমুখী নতুন উদ্যোক্তাদের সহজ শর্তে কুটির ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে ঋণ প্রদান করা হবে। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের নং-০৭.১০৯.০২০.০৩.০৯.০০৪-২০২০-৩৪০ তারিখ ২৩।০২।২০২১ শর্তাবলির(২) অনুসরণে এ নীতিমালা প্রণয়ন হয়েছে ও পরিচালিত হবে।

## ২.০ রুপকল্প বা ভিশন

দেশের পল্লী এলাকায় বসবাসরত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে স্বল্প সার্ভিসচার্জ/সুদে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোগের কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে দারিদ্র্য হ্রাসকরণ।

## ৩.০ অভিলক্ষ্য বা মিশন

নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে পল্লী এলাকায় বসবাসরত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতকে লক্ষ্য করে গ্রামীণ এলাকায় ঋণদান কার্যক্রম বাস্তবায়ন, সম্প্রসারণ ও জোরদারকরণ।

## ৪.০ লক্ষ্য ও উদ্দেশ্য

১. পল্লী এলাকার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা এবং তাদেরকে বিভিন্ন আয়বর্ধক কুটির, ক্ষুদ্র শিল্পখাতের কর্মকান্ডে সম্পৃক্ত করা;
২. পল্লীর দরিদ্র জনগোষ্ঠীকে ক্ষুদ্র ও কুটির শিল্পে নিয়োজিত করা;
৩. কুটির শিল্পে নিয়োজিত জনগোষ্ঠীকে তাদের ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে ঋণ সহায়তা প্রদান করা;
৪. ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের নিয়মিত সঞ্চয় জমার মাধ্যমে পুঁজি গঠনে সহায়তা করা;
৫. বাড়তি আয়ের দ্বারা আর্থিক উন্নয়নের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন করা;
৬. পল্লী এলাকায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের জনগোষ্ঠীর আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ঘূর্ণায়মান ঋণ তহবিলের ক্রমাগত প্রবাহ নিশ্চিত করা;
৮. দরিদ্র ও অসুবিধাগ্রস্ত জনগোষ্ঠী র সম্পদ সৃজনে সার্বিক সহায়তা প্রদান করা;
৯. সুফলভোগী সদস্যদের উৎপাদিত পণ্য তথ্য প্রযুক্তির মাধ্যমে বাজারজাতকরণে সহায়তা প্রদান করা;
১০. এ ঋণ কার্যক্রম বাস্তবায়নে অনলাইন মনিটরিং ও এসএমএস সার্ভিসের মাধ্যমে আর্থিক স্বচ্ছতা ও শৃঙ্খলা প্রতিষ্ঠা করা।

## ৫.০ বাস্তবায়ন পদক্ষেপসমূহ

### (ক) কর্মএলাকা

এসএফডিএফ-এর চলমান কার্যক্রমের আওতাভুক্ত ৮টি বিভাগের ৩৬টি জেলার ১৭৩টি উপজেলা কার্যালয়ের মাধ্যমে সরকারের আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় এই ঋণ কার্যক্রম পরিচালিত হবে। কর্ম এলাকার নির্বাচনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনায় আনতে হবেঃ

- এসএফডিএফ-এর কর্ম এলাকার আওতাধীন কুটির, ক্ষুদ্র বা মাঝারি শিল্প রয়েছে সে সকল এলাকা এ কার্যক্রম বাস্তবায়নের অগ্রাধিকার দিতে হবে;
- উপজেলা কার্যালয়ের কাছাকাছি (১০কি:মি:-এর মধ্যে) যেখানে কুটির ক্ষুদ্র ও মাঝারি শিল্প আছে ও যোগাযোগ সুবিধা রয়েছে এমন এলাকায় এ ঋণ কার্যক্রম পরিচালনা করতে হবে;

- এছাড়া এসএফডিএফ-এর কর্ম এলাকা সম্প্রসারণ করেও এ প্যাকেজের আওতায় অভীষ্ট সদস্য/গ্রাহকগণকে ঋণ সুবিধা প্রদান করা যাবে;
- দেশের প্রত্যন্ত এলাকার জনগোষ্ঠী বিশেষ করে অনুন্নত ও দারিদ্র্য পীড়িত এলাকায় বসবাসকারী মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে এ ঋণ প্রণোদনা সহায়তা কার্যক্রমের আওতায় আনতে হবে।

**(খ) ঋণ কার্যক্রম**

পল্লী এলাকার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন আয়বর্ধক কর্মকান্ড গ্রহণ ও পরিচালনার জন্য কুটির, ক্ষুদ্র মাঝারি শিল্পখাতে ঋণ প্রদানের ব্যবস্থা করা হবে। এ খাতের অর্থ ঘূর্ণায়মান ঋণ তহবিল হিসেবে বিনিয়োগ করা হবে। ঋণ খাতে মোট ১০০ কোটি টাকা বাংলাদেশ সরকারের নিকট হতে আর্থিক প্রণোদনা প্যাকেজ-এর আওতায় বিশেষ অনুদান হিসেবে বরাদ্দ হয়েছে । সুফলভোগী সদস্যদের স্ব -কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এ ঋণের অর্থ ফাউন্ডেশনের আওতায় গঠিত কেন্দ্র/সমিতির সদস্য /গ্রাহক পর্যায়ে কর্মসংস্থান সৃষ্টি ও আয়বর্ধক কর্মকান্ডে বিনিয়োগ করা হবে।

**(গ) পুঁজি গঠন**

সুফলভোগী সদস্যদের নিজস্ব সঞ্চয় জমার মাধ্যমে তাঁদের পুঁজি গঠন /তহবিল সৃজন এ কার্যক্রমের অন্যতম উদ্দেশ্য। ঋণের অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে ঋণের আবেদন করার সময় একজন ঋণ গ্রহীতার নিম্নে বর্ণিত হারে অর্থ সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়ে প্রাথমিক সঞ্চয় হিসাবে জমা রাখতে হবেঃ-

| | | |
|---|---|---|
| (ক) ১ম দফা ঋণের জন্য | ঃ | আবেদনকৃতঋণের কমপক্ষে ৪% শতাংশ |
| (খ) ২য় দফা ঋণের জন্য | ঃ | আবেদনকৃত ঋণের কমপক্ষে ৭% শতাংশ |
| (গ) ৩য় বা পরবর্তী যে কোন দফা ঋণের জন্য | ঃ | আবেদনকৃত ঋণের কমপক্ষে ১০% শতাংশ |

এছাড়া সদস্য/গ্রাহকগণের নিকট হতে মাসিক ভিত্তিতে ন্যূনতম ৫০০/- টাকা সাধারণ সঞ্চয় জমা করা হবে।

**(ঘ) বাস্তবায়ন কৌশল**

১. পেশাজীবী/একক উদ্যোক্তা সদস্য/সদস্যা সনাক্তককরণ জরিপ ফরমের মাধ্যমে সদস্যদের সরজমিন জরিপ কার্যক্রম সম্পাদন করা হবে।
২. এসএফডিএফ-এর সরাসরি নিয়ন্ত্রণে এ ঋণ কার্যক্রম বাস্তবায়িত হবে;
৩. এসএফডিএফ নিজস্ব জনবল দ্বারা এ ঋণ কার্যক্রম পরিচালনা করা হবে;
৪. সুফলভোগী সদস্য ক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের গ্রাহকগণ পূর্ববর্তী ঋণ সম্পূর্ণ পরিশোধ সাপেক্ষে এ ঋণ সুবিধা পাবেন;
৫. আয়বর্ধক কর্মকান্ডে নিয়োজিত নারী উদ্যোক্তাদের এ বিশেষ ঋণের আওতায় আনা হবে;
৬. কুটির শিল্পের সাথে নিয়োজিত ক্ষুদ্র ও প্রান্তিক গ্রাহকগণ অগ্রাধিকার ভিত্তিতে এ ঋণ সুবিধা পাবেন;
৭. কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্পে নিয়োজিত সদস্যদেরকে এককভাবে এ ঋণের আওতায় আনা হবে;
৮. আয়বর্ধক কর্মকান্ডে ফাউন্ডেশনের আওতায় গঠিত কেন্দ্র/সমিতির সদস্য/গ্রাহকদেরকে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হবে;
৯. এসএফডিএফ-এর ক্ষুদ্র ঋণের সফল সদস্যদেরকে পূর্ববর্তী ঋণ সম্পূর্ণ পরিশোধ সাপেক্ষে এ ঋণ প্রদান করা যাবে;
১০. এসএফডিএফ-এর উপজেলা ব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত মাঠ কর্মকর্তাগণ সদস্য/গ্রাহক নির্বাচন করবেন এবং প্রাথমিক বাছাই কমিটি কর্তৃক যথাযথভাবে যাচাই-বাছাই করে ঋণ প্রস্তাব অনুমোদনের জন্য সুপারিশসহ আঞ্চলিক ব্যবস্থাপক বরাবর উপস্থাপন করবেন;

১১. আঞ্চলিক ব্যবস্থাপকগণ প্রস্তাবিত ঋণের যথার্থতা বিবেচনা করে ঋণ অনুমোদন করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে (উচ্চতর সিলিং) ঋণ অনুমোদনের জন্য সুপারিশসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন;

১২. প্রথম দফায় এ ঋণের সিলিং হবে ৫০ হাজার হতে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত; তবে গ্রাহকের ব্যবসার ধরন, প্রকৃতি, সক্ষমতা ও বাস্তব অবস্থা বিবেচনা করে ঋণের সিলিং নির্ধারণ করতে হবে;

১৩. বিতরণকৃত ঋণের বার্ষিক ৪% হারে (ফ্লাট রেটে) সেবামূল্য আদায় করা হবে;

১৪. ৬ মাস গ্রেস পিরিয়ডসহ ১৮টি সমান মাসিক কিস্তিতে সেবামূল্যসহ প্রদত্ত ঋণ আদায় করা হবে অর্থাৎ এ ঋণ পরিশোধের সময়সীমা হবে ২ (দুই) বছর;

১৫. ঋণের ঝুঁকি মোকাবিলার জন্য গ্রাহকের নিকট হতে বিতরণকৃত ঋণের ১% হারে ঝুঁকি তহবিল বাবদ গ্রহণ করা হবে;

১৬. পুঁজিগঠনের লক্ষ্যে গ্রাহকগণের নিকট হতে মাসিকভিত্তিতে নির্ধারিত পরিমাণে সঞ্চয় জমা করা হবে। এ অর্থ সম্পূর্ণভাবে সুফলভোগীগণ সদস্যদের নিজস্ব অর্থ হিসেবে সঞ্চিত থাকবে।

১৭. উপজেলা কার্যালয় ও প্রধান কার্যালয়ে এ ঋণের জন্য পৃথক ব্যাংক হিসাব খোলা হবে এবং ঘূর্ণায়মান ঋণ তহবিল হতে গ্রাহকদেরকে আবর্তক ঋণ প্রদান করা হবে।

## ৬.০ সুফলভোগী জনগোষ্ঠী

স্থানীয় সম্পদ ও নিজস্ব মূলধন ব্যবহার করে কিংবা এসএফডিএফ'র আওতায় ঘুর্ণায়মান ঋণ কর্মসূচির উপকরণ, যেমন —ঋণ, প্রশিক্ষণ, সহযোগিতা, সেবা, সরবরাহ ইত্যাদি কাজে লাগিয়ে যে সকল সদস্য দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধি করে উল্লেখযোগ্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছেন এবং পরিবারের মৌলিক চাহিদা মিটিয়ে সম্পদ সৃষ্টি করতে সক্ষম হয়েছেন এবং সম্ভাবনা আছে, কিন্তু কোভিড-১৯ এর জন্য ক্ষতিগ্রস্ত এরূপ সদস্যগণ এবং একইরূপ নতুন উদ্যোক্তাদের কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজের আওতায় কুটির ও ক্ষুদ্র উদ্যোক্তা সদস্য হিসেবে এ ঋণ সহায়তা প্রদানের জন্য সুফলভোগী হিসেবে বিবেচনা করা হবে।

### ৬.১ সুফলভোগী শ্রেণিবিন্যাস

কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজের আওতায় এসএফডিএফ কর্তৃক নিম্নবর্ণিত ৪ (চার) ক্যাটাগরির সুফলভোগীকে কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা ঋণ প্রদান করা হবে—

**ক. এসএফডিএফ-এর ক্ষুদ্র ঋণের সকল সুফলভোগী/**ক্ষুদ্র **উদ্যোক্তা** এসএফডিএফ-এর আওতায় অনানুষ্ঠানিক দলীয় কার্যক্রমের সহায়তায় যে সকল ক্ষুদ্র ঋণী ও ক্ষুদ্র উদ্যোক্তা সদস্য ক্ষুদ্র ও কুটির শিল্পভিত্তিক আয়বর্ধনমূলক কর্মকান্ড পরিচালনার মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টিতে সফল হয়েছেন বা ছোট ছোট প্রতিষ্ঠান গড়ে তুলেছেন এবং সম্ভাবনা থাকা সত্বেও কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত হয়েছেন সে সমস্ত সদস্যকে বোঝাবে।

**খ. স্বাবলম্বী ক্ষুদ্র উদ্যোক্তা সদস্য** এসএফডিএফ-এর আওতায় গঠিত কেন্দ্রের সদস্য যারা আয় বর্ধনমূলক কর্মকান্ডের মাধ্যমে নিজেরা সফল হয়েছেন এবং যাদের কর্মকান্ডে অধিক ঋণ বিনিয়োগ করলে আরো আয়বৃদ্ধির ও কর্মসংস্থানের সুযোগ রয়েছে তাদেরকে বোঝাবে।

**গ. উদ্ভাবনীমূলক ক্ষুদ্র উদ্যোক্তা কেন্দ্র/দল** বিভিন্ন উদ্ভাবনীমূলক উদ্যোক্তা বলতে যাদের কর্মকান্ড মূলত আত্মকর্মসংস্থানমূলক এবং যারা নিজস্ব আইডিয়া, নতুন প্রযুক্তি, স্থানীয় বাজারজাতকরণ সুবিধা ইত্যাদি কাজে লাগিয়ে ইতোমধ্যে ক্ষুদ্র ও কুটির শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলেছেন এবং যারা কর্মসংস্থান সৃষ্টি, উৎপাদন বৃদ্ধি ও অর্থনীতিতে অবদান রাখতে কিছুটা সফলতা অর্জন করেছেন এবং ঋণ বিনিয়োগের মাধ্যমে যাদের অধিকতর সফলতা অর্জনের সুযোগ রয়েছে তাঁদেরকে বোঝাবে।

**ঘ. পেশাজীবী একক উদ্যোক্তা** পল্লী এলাকায় নতুন প্রযুক্তি ও বাজারজাতকরণ সুবিধা কাজে লাগিয়ে নিজের উদ্ভাবিত আইডিয়া বা পরিকল্পনা বাস্তব রূপ দেয়ার মাধ্যমে আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিজে দক্ষতা অর্জন করেছেন এবং আরো দক্ষ জনবল সৃষ্টি করে তাদের মাধ্যমে নিজস্ব পরিকল্পনাকে ব্যবসায় রূপ দিতে উদ্যোগী ভূমিকা নেয়া ব্যক্তিকে পেশাজীবী একক ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে বিবেচনা করা হবে।

## ৭.০ আবেদনপত্র বাছাই প্রক্রিয়া

৭.১ আগ্রহী ক্ষুদ্র উদ্যোক্তা নির্দিষ্ট ফরমে (পরিশিষ্ট-২) ঋণের আবেদনপত্র ও বিজনেস প্ল্যান দাখিল করবেন।

৭.২ ঋণের আবেদনপত্র প্রাপ্তির পর উপজেলা ব্যবস্থাপক/সিনিয়র মাঠকর্মকর্তা/মাঠকর্মকর্তা তা সরেজমিনে যাচাই-বাছাই করবেন এবং আবেদনকারী সদস্যের জন্য প্রোফাইল প্রস্তুত করে সুস্পষ্ট মতামতসহ প্রাথমিক বাছাই কমিটির নিকট দাখিল করবেন।

৭.৩ উপজেলা ব্যবস্থাপকের নিকট থেকে ক্ষুদ্র উদ্যোক্তার ঋণ আবেদনপত্র, এসএফডিএফ কর্তৃক প্রণীত ক্ষুদ্র উদ্যোক্তা কার্যনির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র প্রাপ্তির পর প্রাথমিক বাছাই কমিটি ৩ (তিন) কর্মদিবসের মধ্যে তা সরেজমিনে যাচাই -বাছাইপূর্বক কমিটি সভার সুস্পষ্ট মতামতসহ আঞ্চলিক ব্যবস্থাপক-এর নিকট দাখিল করবেন।

৭.৪ উপজেলা ব্যবস্থাপকের মতামত প্রাপ্তির পর আঞ্চলিক ব্যবস্থাপক সরেজমিনে পরিদর্শনপূর্বক ক্ষুদ্র উদ্যোক্তার ঋণের আবেদনপত্রসহ সকল কাগজপত্র নিজে যাচাই করে দেখবেন এবং ৭ (সাত) কর্মদিবসের মধ্যে ‘উপজেলা ক্ষুদ্র উদ্যোক্তা নির্বাচন ও ঋণ কমিটি’তে উপস্থাপনের মাধ্যমে কমিটিতে সিদ্ধান্ত গ্রহণ করবেন। সংশিষ্ট উপজেলাতেই এ সভা অনুষ্ঠান করা যাবে।

## ৮.০ ঋণ প্রাপ্তির যোগ্যতা

ক. অন্য কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের ঋণ সুবিধাভোগী হবেন না;
খ. এসএফডিএফ হতে ইতোপূর্বে গৃহীত ঋণ (যদি থাকে) ১০০% পরিশোধ থাকতে হবে;
গ. পেশাভিত্তিক কাজে প্রশিক্ষিত/দক্ষ/অভিজ্ঞতাসম্পন্ন, এবং নিজের ও অন্যের কর্মসংস্থান সৃজনে সক্ষম;
ঘ. এসএফডিএফ-এর মূল কর্মসূচিসহ অন্য যেকোন প্রকল্প বা কর্মসূচির সমিতি/দলের সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে);
ঙ. এলাকার স্থায়ী বাসিন্দা এবং ঐ এলাকার উদ্যোক্তা হতে হবে/প্রযোজ্য ক্ষেত্রে এন্টারপ্রাইজ থাকতে হবে;
চ . বয়সসীমা ১৮ থেকে ৬০ বছরের মধ্যে রয়েছে।
ছ . নতুন সদস্য ভর্তির মাধ্যমে এই ঋণ বিতরণ করা যাবে।

## ৮.১ প্রাথমিক যাচাই কমিটি

| | | | |
|---|---|---|---|
| (১) | উপজেলা ব্যবস্থাপক | : | সভাপতি |
| (২) | সকল মাঠকর্মকর্তা | : | সদস্য |
| (৩) | সিনিয়র মাঠকর্মকর্তা | : | সদস্য সচিব |

নোটঃ কোন উপজেলায় সিনিয়র মাঠ কর্মকর্তা না থাকলে উপজেলা ব্যবস্থাপক কর্তৃক নির্বাচিত যে কোন এক জন মাঠ কর্মকর্তা সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

## ৮.২ প্রাথমিক যাচাই কমিটির কার্যপরিধি

- দায়িত্বপ্রাপ্ত সিনিয়র মাঠকর্মকর্তা/ মাঠকর্মকর্তা কর্তৃক প্রাথমিকভাবে বাছাইকৃত সদস্য/উদ্যোক্তা বাছাই করবেন;
- উপজেলা ব্যবস্থাপক (ইউএম) সরেজমিন পরিদর্শন করে প্রাপ্ত তথ্যাদি যাচাই করবেন; সদস্য/গ্রাহককে উপযুক্ত বলে বিবেচিত হলে সংশ্লিষ্ট এফও গ্রাহকের নিকট হতে প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্য সংগ্রহপূর্বক ঋণের আবেদনপত্র প্রস্তুত করবেন;
- উপজেলা ব্যবস্থাপক আবেদনপত্রের সাথে সংযুক্ত কাগজপত্রাদির সঠিকতা যাচাইয়ান্তে তা সঠিক রয়েছে মর্মে প্রত্যয়ন করবেন;
- কমিটির সুপারিশসহ ঋণের আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রাদি আঞ্চলিক ব্যবস্থাপকের বরাবর উপস্থাপন করবেন;

## ৮.৩ 'উপজেলা কুটির ও ক্ষুদ্র উদ্যোক্তা নির্বাচন ও ঋণঅনুমোদন কমিটি'

| | | | |
|---|---|---|---|
| (১) | আঞ্চলিক ব্যবস্থাপক | : | সভাপতি |
| (২) | সংশ্লিষ্ট উপজেলার সিনিয়র মাঠকর্মকর্তা/মাঠকর্মকর্তা (সকল) | : | সদস্য |
| (৩) | সংশ্লিষ্ট উপজেলা ব্যবস্থাপক | : | সদস্য সচিব |

*** প্রযোজ্য ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণকালে প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক মনিটরিং, নিরীক্ষা ও হিসাব ও উপমহাব্যবস্থাপক আইসিটি, পরিকল্পনা ও ডকুমেন্টেশনকে সভায় অনলাইনে সম্পৃক্ত করতে হবে। তাদের মতামতের ভিত্তিতে চূড়ান্ত কার্যক্রম গ্রহণ করতে হবে।

নোটঃ যে সব আঞ্চলিক কার্যালয়ে অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর থাকবে সে অঞ্চলে কমিটির দাপ্তরিক কাজে অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর উপজেলা ঋণ অনুমোদন কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবেন।

## ৮.৪ কমিটির কার্যপরিধি

ক. উপজেলা পর্যায়ে ক্ষুদ্র উদ্যোক্তা সদস্য নির্বাচন;
খ. এসএফডিএফ কর্তৃক প্রণীত কোভিড-১৯ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় সকল কাগজপত্র যাচাইবাছাই; এবং
গ. ঋণ প্রস্তাব পর্যালোচনা ও সুপারিশ প্রণয়ন বা অনুমোদন প্রদান (প্রযোজ্য ক্ষেত্রে)।

## ৮.৫ মাঝারি উদ্যোক্তা অনুমোদন কমিটি

মহাব্যবস্থাপক (মনিটরিং, নিরীক্ষা ও হিসাব) সভাপতি
মহাব্যবস্থাপক (প্রশাসন, সমন্বয় ও প্রশিক্ষণ) সদস্য
উপমহাব্যবস্থাপক (আইসিটি, পরিকল্পনা ও ডকুমেন্টেশন) সদস্য সচিব

## ৮.৬ মাঝারি উদ্যোক্তা অনুমোদন কমিটি কর্মপরিধি

(ক) ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকার উর্দ্ধে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা পর্যন্ত মাঝারি উদ্যোক্তা ঋণ যাচাই-বাছাই ও অনুমোদনের জন্য সুপারিশ করবে।
(খ) উপজেলা কুটির ও ক্ষুদ্র উদ্যোক্তা নির্বাচন ও ঋণ অনুমোদন কমিটি এ সংক্রান্ত ঋণের প্রাথমিক যাচাই-বাছাই সম্পূর্ণ করে সভায় সুপারিশ প্রদান করবে এবং সকল প্রমাণকসহ মাঝারি উদ্যোক্তা অনুমোদন কমিটির সমীপে প্রেরণ করবে। মাঝারি উদ্যোক্তা অনুমোদন কমিটি প্রেরিত কাগজপত্রের উপর পরীক্ষা নিরীক্ষা করে প্রয়োজনীয় যাচাইপূর্বক চূড়ান্ত অনুমোদন প্রদান করবে।
(গ) মঞ্জুরিপত্র জারির আগে নথিতে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদন গ্রহণ করতে হবে।

## ৯.০ আবেদন পর্যায়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি

(১) যথাযথভাবে পূরণকৃত ঋণ আবেদন ফরম (পরিশিষ্ট-২);
(২) উপজেলা ব্যবস্থাপক কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (উভয় পৃষ্ঠা);
(৩) অঙ্গীকারনামা, জামানতনামা ও মালামাল দায়বদ্ধ রাখার একরার নামা (পরিশিষ্ট-৩ হতে ৫);
(৪) উপজেলা ব্যবস্থাপক কর্তৃক সত্যায়িত আবেদনকারীর সাম্প্রতিক সময়ের দুই কপি পাসপোর্ট সাইজের ছবি;
(৫) উদ্যোক্তার বিদ্যমান প্রতিষ্ঠান/কর্মকান্ডের রঙিন ছবি (প্রযোজ্য ক্ষেত্রে);
(৬) অন্য কোন প্রতিষ্ঠানে ঋণ নেই মর্মে উদ্যোক্তার অঙ্গীকারপত্র;
(৭) কর সনাক্তকরণ সার্টিফিকেটের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
(৯) ডিলিং লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে); এবং
(১০) ট্রেড লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
(১১) তফসিলী ব্যাংকের হিসাব নম্বর ;
(১২) সদস্যের মোবাইল নম্বর।

## ১০.০ বিনিয়োগের খাতসমূহ

১০.১ ঋণ বিনিয়োগের ক্ষেত্রে কুটির, ক্ষুদ্র শিল্প উদ্যোক্তা পর্যায়ের কৃষিভিত্তিক কৃষি ও অকৃষি সহ ও অন্যান্য কার্যক্রম এবং সেবা খাতসহ সামাজিকভাবে গ্রহণযোগ্য সম্ভাব্য যে কোন খাতকে বিবেচনায় নেয়া যাবে। এক্ষেত্রে 'উপজেলা কুটির ও ক্ষুদ্র উদ্যোক্তা নির্বাচন ও ঋণ অনুমোদন কমিটি'র বিবেচনাই চূড়ান্ত বলে গণ্য হবে। কমিটি নিম্নরূপ বিষয়গুলোকে গুরুত্ব দিয়ে বিনিয়োগের খাত নির্বাচন করবে:-

ক. স্থানীয়ভাবে উদ্যোক্তাদের চাহিদা;
খ. উদ্যোগের নতুন নতুন আইডিয়া ও বিনিয়োগখাতের সম্ভাবনা;
গ. অল্প পরিমাণে বিনিয়োগে স্বল্পতম সময়ে অধিক মুনাফা সৃষ্টি করতে সক্ষম এমন উদ্যোগসমূহ;
ঘ. যে সকল উদ্যোগে বেশি সংখ্যক লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়;
ঙ. যে সকল উদ্যোগে ঝুঁকি অপেক্ষাকৃত কম;
চ. যে সকল উদ্যোগের ক্ষেত্রে উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ সুবিধা বেশি, ইত্যাদি।

## ১০.২ বিনিয়োগের কয়েকটি খাতের উদাহরণ

**কৃষিখাতঃ** মৎস্য চাষ, গাভী পালন, গরু মোটাতাজাকরণ, পোল্ট্রী ফার্ম/হাঁস-মুরগী পালন, ডেইরী ফার্ম, ছাগল পালন, মহিষ পালন, বাণিজ্যিকভিত্তিতে শাক-সবজী চাষ (আল, মুলা, বেগুন, গাজর,টমেটো,ফুলকপি ইত্যাদি),ধান চাষ, গম চাষ,পান চাষ,নার্সারী, বনায়ন,ফলজ বাগান (আম,কাঁঠাল,লিচু, কুল,কলা পঁপে,পেয়ারা ইত্যাদি) ফুল চাষ, হলুদ/মরিচ/মশলা চাষ, জমি লীজ, পাওয়ার টিলার/ট্রাক্টর/কৃষি যন্ত্রপাতি/সেচ যন্ত্রপাতি ক্রয় ইত্যাদি।

**উৎপাদনমুখী খাতঃ** ধানের চাতাল/রাইস মিল,চিড়া/মুড়ি/খই তৈরি,আটা/ময়দার মিল,মিষ্টি/দধি/ঘি তৈরি, আইসক্রিম, বেকারী,শুঁটকি প্রক্রিয়াকরণ, চানাচুর তৈরি, আচার তৈরি, বরফ ফ্যাক্টরী, গুড় উৎপাদন, চিপস তৈরি, চকলেট তৈরি, সেমাই তৈরি, গোলাপজল তৈরি, লবন চাষ, গার্মেন্টস ফ্যাক্ট রি, স'মিল, ফার্নিচার,স্যানেটারী দ্রব্যাদি তৈরি,ছাপা খানা, শপিং ব্যাগ তৈরি, ব্যাটারী তৈরি, কাগজের ব্যাগ তৈরি, আগরবাতি তৈরি, জ্বালানী/ চারকোল ফ্যাক্টরী, কেমিক্যাল তৈরি, দাঁতের মাজন তৈরি, প্লা স্টিক দ্রব্য সামগ্রী তৈরি, কাঠের তৈজসপত্র, তাঁত শিল্প, কুটির শিল্প, জুয়েলা রি/গয়না তৈরি মোমবাতি তৈরি, মৃৎশিল্প, কার্টুন তৈরি ও প্যাকেজিং, ঝুড়ি ও চালুন তৈরি, ঝাড়ু তৈরি, দোলনা তৈরি, টুপি তৈরি, লেপ- তোষকের দোকান,গ্রীল/লোহার সামগ্রী তৈরি, লেদ মেশিন, সাইকেল/ রিক্সা/ ভ্যান তৈরি করাখানা, বৈদ্যুতিক/ ইলেকট্রিক যন্ত্রাংশ তৈরি, কাঁসার সামগ্রী তৈরি, জুতা ও চামড়াজাত পণ্য তৈরি, বাদ্যযন্ত্র তৈরি ইত্যাদি।

### ১১.০ ঋণের প্রয়োজনীয় জামানতসমূহ

(১) ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্টাম্পের উপর ঋণ গ্রহীতা সদস্যের অঙ্গীকারনামা;
(২) ৫টি রেভিনিউ স্ট্যাম্পসহ কার্টিজপেপারে ব্যক্তি জামিনদারনামা (Man Security);
(৩) মর্টগেজ কারবারনামা (প্রযোজ্য ক্ষেত্রে); এবং
(৪) পোস্ট ডেটেড চেক (ব্যাংক হিসাবের শিরোনাম উল্লেখপূর্বক ৩ টি ক্রসড্ চেক)।

### ১২.০ ঋণ তহবিল,ঋণের সীমা,মেয়াদ, সেবামূল্য ও সঞ্চয় আদায়

### ১২.১ ঋণ তহবিলের উৎস

কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র উদ্যোক্তাদের সহায়তার জন্য বাংলাদেশ সরকার কর্তৃক এসএফডিএফ কে প্রদত্ত ক্ষুদ্র উদ্যোক্তা প্রণোদনা ঋণের অনুদানের ১০০ কোটি টাকা দিয়ে এ তহবিল গঠিত।

### ১২.২ ঋণ সীমা

১২.২.১ একজন উদ্যোক্তা সদস্যের একক ঋণের সীমা হবে সর্বনিম্ন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হতে সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত। তবে মাঝারি উদ্যোক্তার সক্ষমতা থাকলে প্রধান কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে এই ঋণসীমা সর্বোচ্চ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা পর্যন্ত বৃদ্ধি করা যাবে।

১২.২.২ সদস্যের আবেদনের ভিত্তিতে উদ্যোক্তার প্রকৃত চাহিদা, বিনিয়োগের সক্ষমতা, কর্মকান্ডের ধরন, কর্মকান্ডে তার নিজস্ব বিনিয়োগের পরিমাণ ইত্যাদির উপর ঋণের পরিমাণ নির্ভর করবে।

১২.২.৩ সর্বক্ষেত্রে প্রস্তাবিত কর্মকান্ডের জন্য ঋণ আবেদন পত্রে উল্লিখিত সর্বমোট বিনিয়োগের ন্যূনতম ২০% ঋণ গ্রহীতা নিজে বিনিয়োগ করবেন।

### ১২.৩ ঋণের মেয়াদ

সকল ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে দুই বছর (২৪ মাস)। ২৪ (চব্বিশ) মাস সময়ের মধ্যে নিয়মিত ১৮টি মাসিক সমান কিস্তিতে পরিশোধের শর্তে এ ঋণ প্রদান করতে হবে। সর্বোচ্চ ৬ মাস গ্রেস পিরিয়ড থাকবে অর্থাৎ দুই বছরের মধ্যে সমুদয় ঋণ পরিশোধ করতে হবে। ঋণ গ্রহণকারী সুফলভোগী সদস্যেদের চাহিদার ভিত্তিতে ২ বছরের মধ্যে এ গ্রেস পিরিয়ড নির্ধারণ করতে হবে।

### ১২.৪ ঋণের সেবামূল্য

গ্রেস পিরিয়ডসহ নির্ধারিত দুই বছর (২৪ মাস) সময়ের জন্য এই ঋণের সেবামূল্য প্রতি বছরের ফ্ল্যাট রেটে ৪% হারে প্রযোজ্য থাকবে। তবে ঋণ পরিশোধের নির্ধারিত দুই বছর (২৪ মাস) সময়কাল অতিক্রান্ত হলে বকেয়া সমুদয় ঋণ (যদি থাকে) খেলাপি হিসেবে গণ্য হবে; এবং এই বকেয়া খেলাপি ঋণের উপর ১১% হারে সেবামূল্য ধার্য হবে।

### ১২.৫ সঞ্চয় আদায় ও জমা

১২.৫.১ অনুচ্ছেদ ৬.১ এর উপ-অনুচ্ছেদসমূহে উল্লিখিত যে কোন ক্যাটাগরির একজন উদ্যোক্তার ক্ষেত্রে মঞ্জুরিকৃত ঋণের উপর কমপক্ষে ৪% নিজস্ব সঞ্চয় জমা প্রদান করতে হবে। সঞ্চয়ের টাকা সদস্যদের নিজস্ব টাকা হিসেবে গণ্য হবে। ন্যূনতম সীমার অতিরিক্ত জমা যে কোন সময় সংশ্লিষ্ট সদস্য উত্তোলন করতে পারবেন। নিজস্ব পুঁজি গঠন ও স্বাবলম্বী হবার লক্ষ্যে বেশি করে সঞ্চয় জমার জন্য সদস্যদের উৎসাহিত করতে হবে।

১২.৫.২ ঋণ গ্রহণের পর একজন উদ্যোক্তা তার মাসিক কিস্তি পরিশোধকালে নিয়মিতভাবে ন্যূনতম ৫০০ (পাঁচশত) টাকা করে সঞ্চয় জমা করবেন।

১২.৫.৩ প্রতি অর্থবছর শেষে ৪% সঞ্চয়ের লভ্যাংশ প্রদান করা হবে। ঋণ পরিশোধ শেষে সদস্যগণ সমুদয় সঞ্চয় মূলধন ও সুদসহ ফেরত পাবে ন। সময় সময় ফাউন্ডেশনের বিধি অনুযায়ী সঞ্চয়ের লভ্যাংশের হার কম বেশি হতে পারে।

১২.৫.৪ সকল পর্যায়ের উদ্যোক্তার ক্ষেত্রে 'ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন কোভিড-১৯ প্রণোদনা তহবিল' হিসাবে ঋণ তহবিল ও সদস্য সঞ্চয় জমা থাকবে এবং উপজেলার বিদ্যমান রেজিষ্টারে এসব তথ্য সংরক্ষণ করতে হবে ও অনলাইনে যথাযথভাবে এন্ট্রি দিতে হবে। লাভজনক বিবেচিত হলে সঞ্চয়ের টাকা স্থায়ী আমানত হিসাবে জমা রাখা যাবে বা বিনিয়োগ করা যাবে।

১২.৫.৫ আঞ্চলিক ব্যবস্থাপক এবং উপজেলা ব্যবস্থাপক-এর যৌথ স্বাক্ষরে 'ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন কোভিড-১৯ প্রণোদনা তহবিল' ব্যাংক হিসাবটি পরিচালিত হবে। উপজেলা ব্যবস্থাপকের অবর্তমানে আঞ্চলিক ব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট উপজেলায় যিনি উপজেলা ব্যবস্থাপকের দায়িত্বে থাকবেন তাঁদের যৌথ স্বাক্ষরে উক্ত ব্যাংক হিসাব পরিচালনা করতে হবে।

১২.৫.৬ কোন উদ্যোক্তা নির্ধারিত সময়ের মধ্যে গৃহীত ঋণের অংশ বিশেষ পরিশোধে ব্যর্থ হলে উপজেলা ব্যবস্থাপক ঐ উদ্যোক্তার জমাকৃত সঞ্চয় হতে বকেয়া ঋণ সমন্বয় করতে পারবেন।

## ১৩.০ বিজনেস প্ল্যান অনুমোদন ও ঋণ মঞ্জুরি

### ১৩.১ অনুমোদন ও মঞ্জুরির পর্যায়

যে কোন ক্যাটাগরির আবেদনকারীর ক্ষেত্রে অনুচ্ছেদ ৯.০ -এ উল্লিখিত ঋণের আবেদন এবং বিজনেস প্ল্যানসহ সকল কাগজপত্র 'উপজেলা ক্ষুদ্র উদ্যোক্তা নির্বাচন ও ঋণ কমিটি'র সভায় উপস্থাপন করতে হবে। সভা প্রতিটি ঋণের আবেদন ফরম ও ঋণ প্রস্তাব পর্যালোচনা করে উপযুক্ত উদ্যোক্তাকে ঋণ প্রদানের জন্য সুপারিশ করবে। উদ্যোক্তার বিজনেস প্ল্যান ও ঋণের আবেদন চূড়ান্ত অনুমোদন ও মঞ্জুরি প্রদানের পরিমাণ ও পর্যায়সমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | অনুমোদনকারী/ মঞ্জুরকারী কর্তৃপক্ষ | আবেদনকারীর ক্যাটাগরি | ঋণের পরিমাণ (সিলিং) | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | উপজেলা কুটির ও ক্ষুদ্র উদ্যোক্তা নির্ধারন ও ঋণ অনুমোদন কমিটি | অনুচ্ছেদ ৬.১(ক) থেকে (ঘ) অনুযায়ী সদস্যদের বিজনেস প্ল্যান ও ঋণ | ৫০,০০০/- হতে ২,০০,০০০/- টাকা পর্যন্ত | কমিটি সরাসরি অনুমোদন করতে পারবে এবং তাদের সম্মতির পর কমিটি চূড়ান্ত অনুমোদন মূল্যায়ন করবে। |
| (২) | উপজেলা কুটির ও ক্ষুদ্র উদ্যোক্তা নির্ধারন ও ঋণ অনুমোদন কমিটি | অনুচ্ছেদ ৬.১(ক) থেকে (ঘ) অনুযায়ী সদস্যদের বিজনেস প্ল্যান ও ঋণ | ২,০০,০০১/- হতে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত | তবে শর্ত থাকে যে, কমিটি চূড়ান্ত সুপারিশ প্রণয়নের সময় কমিটির সভায় অনলাইনে মহাব্যবস্থাপক (মনিটরিং, নিরীক্ষা ও হিসাব) ও উপমহাব্যবস্থাপক (আইসিটি, পরিকল্পনা ও ডকুমেন্টেশন) কে সংযুক্ত করবেন এবং তাঁদের সম্মতি গ্রহণ করবে। |
| (৩) | মাঝারি উদ্যোক্তা ঋণ অনুমোদন | অনুচ্ছেদ ৬.১(ক) থেকে (ঘ) অনুযায়ী সদস্যদের বিজনেস প্ল্যান ও ঋণ | ৫,০০,০০১/- হতে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত | কমিটি উপজেলা কমিটি লিখিত সুপারিশ ও সকল প্রমাণক সংগ্রহ এবং তা নিরীক্ষা করে |

| ক্রঃ নং | অনুমোদনকারী/ মঞ্জুরকারী কর্তৃপক্ষ | আবেদনকারীর ক্যাটাগরি | ঋণের পরিমাণ (সিলিং) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | কমিটি | | | সভায় মতামত সুপারিশ প্রদান করবে। চূড়ান্ত মঞ্জুরিপত্র জারির পূর্বে নথিতে উপস্থাপন করে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদন গ্রহণ করতে হবে। |

১৩.২ আঞ্চলিক পর্যায়ে অনুমোদনপ্রাপ্ত সকল পর্যায়ে ঋণের প্রমাণকসমূহের এক সেট ফটোকপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। হিসাব অধিশাখা এ সব প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করবে।

১৩.৩ সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্তের পর মঞ্জুরিপত্র জারির পরই যৌথ স্বাক্ষরে ব্যাংক এডভাইস/এ্যাকাউন্ট পেইয়ি চেকের মাধ্যমে অর্থ ছাড় করতে হবে।

## ১৪.০ ঋণ বিতরণ প্রক্রিয়া

### ১৪.১ কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা

ঋণ মঞ্জুরিপত্র পাওয়ার পর, ঋণ বিতরণ কার্যক্রম শুরু করার প্রাক্কালেই উপজেলা ব্যবস্থাপকের দপ্তরে প্রত্যেক উদ্যোক্তা সদস্যের জন্য পৃথক ঋণনথি খুলতে হবে। নথিতে অনুচ্ছেদ ৯.০ অনুযায়ী আবেদনপত্র, বিজনেস প্ল্যান, সদস্য প্রোফাইল, ' উপজেলা কুটির ও ক্ষুদ্র উদ্যোক্তা নির্বাচন ও ঋণ অনুমোদন কমিটি'র সভার রেজুলিউশন ইত্যাদি প্রয়োজনীয় কাগজপত্র, এবং অনুচ্ছেদ ১৩.০ এর উপ-অনুচ্ছেদসমূহ অনুযায়ী উপজেলা ব্যবস্থাপক ঐ ঋণের মঞ্জুরিপত্রের কপি এবং অনুচ্ছেদ ১১.০ অনুযায়ী 'পোস্ট ডেটেট চেক'সহ জামানত সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র/ডকুমেন্ট যথাযথভাবে রয়েছে কিনা, এবং সদস্যের ১০০% ঋণ পরিশোধ ও প্রয়োজনীয় সঞ্চয় জমা আছে কিনা —তা' দাপ্তরিক রেকর্ডপত্র অনুযায়ী পরীক্ষা-নিরীক্ষাপূর্বক উপজেলা ব্যবস্থাপক সংশ্লিষ্ট উদ্যোক্তার ব্যাংক হিসাবে ঋণ ছাড়করণের প্রস্তাব নোটের মাধ্যমে আঞ্চলিক ব্যবস্থাপক নিকট উপস্থাপন করবেন। আঞ্চলিক ব্যবস্থাপক অনুমোদনের পর নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট উদ্যোক্তার ব্যাংক হিসাবের অনুকূলে যৌথ স্বাক্ষরে ঋণের অর্থ ছাড় করতে হবে।

### ১৪.২ ঋণ বিতরণের ডেডলাইন

অনুচ্ছেদ ১৩.০ এর উপ-অনুচ্ছেদসমূহ অনুযায়ী আঞ্চলিক ব্যবস্থাপক/ প্রধান কার্যালয় কর্তৃক (যেটি প্রযোজ্য) ঋণের মঞ্জুরিপত্র প্রাপ্তির পর সর্বোচ্চ ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে উদ্যোক্তা সদস্যের ব্যাংক একাউন্টে ঋণের অর্থ স্থানান্তর করতে হবে। ঋণের অনুমোদন /অননুমোদন/মঞ্জুরি প্রক্রিয়া ১০ (দশ) কর্মদিবসের মধ্যে সম্পন্ন করতে হবে।

### ১৪.৩ ঋণ বিতরণ প্রক্রিয়া

উদ্যোক্তা সদস্যের ব্যক্তিগত ব্যাংক একাউন্টে কেবলমাত্র এডভাইস অথবা এ্যাকাউন্ট পেইয়ি চেকের মাধ্যমে ঋণের অর্থ স্থানান্তর করতে হবে। এ্যাকাউন্ট পেইয়ি চেকের ফটোকপি নথিতে সংরক্ষণ করতে হবে। এডভাইসের অফিস কপির উপর ব্যাংক কর্মকর্তার সিল-স্বাক্ষরসহ প্রাপ্তি স্বীকার নিশ্চিত করতে হবে এবং এডভাইসের একটি অনুলিপি ঋণ নথিতে রাখতে হবে। এজন্য অনুচ্ছেদ ১৫.২ অনুযায়ী উপজেলার যে ব্যাংক শাখায় এসএফডিএফ-এর 'কোভিড-১৯ প্রণোদনা ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ তহবিল' শিরোনামে ব্যাংক হিসাবটি থাকবে, একই শাখায় ঋণ গ্রহীতার ব্যক্তিগত সঞ্চয়ী হিসাব

থাকার বিষয়টিকে অগ্রাধিকার দিতে হবে। তবে অন্য কোন তফসিলী ব্যাংকে সদস্যের এ্যাকাউন্ট থাকলে এ্যাকাউন্ট পেইয়ি চেকের মাধ্যমে সদস্যকে ঋণ প্রদান করা যাবে। ঋণের অর্থ স্থানান্তরের পর একই দিনে এসএফডিএফ-এর দাপ্তরিক হিসাবের ব্যাংক স্টেটমেন্ট সংগ্রহপূর্বক তার কপি ঋণ নথিতে সংযুক্ত করতে হবে। কোনক্রমেই ঋণ গ্রহীতা সদস্যকে 'ক্যাশ' বা ' ওপেন চেক'/'বেয়ারার চেক' মারফত ঋণ বিতরণ করা যাবে না।

**নোট:** উদ্যোক্তা সদস্যের যে ব্যক্তিগত একাউন্টে ঋণের অর্থ স্থানান্তর করা হবে, অনুচ্ছেদ ১১.০ অনুযায়ী তার ঐ একই একাউন্টের চেকবহি হতে ৩টি 'পোস্ট ডেটেড চেক' গ্রহণ করতে হবে। সদস্যের অন্য কোন ব্যাংক একাউন্টের চেকবহির পাতা এক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।

### ১৪.৪ কিস্তি আদায় প্রক্রিয়া

প্রণোদনা প্যাকেজ-এর আওতায় প্রদত্ত ঋণ মাসিকভিত্তিতে সেবামূল্যসহ কিস্তিতে আদায় করা হবে। উদ্যোক্তার চাহিদা মতে ৬ মাস গ্রেস পিরিয়ড ব্যতীত ১৮টি মাসিক সমান কিস্তির মাধ্যমে এ ঋণ পরিশোধ করবেন। উদাহর ণস্বরূপ: একজন ঋণ গ্রহীতা দুই ব ছর (৬+১৮=২৪ মাস) মেয়াদে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ঋণ গ্রহণ করলে সেবামূল্যসহ তিনি মাসিক ৬,০০০/- (ছয় হাজার) টাকা কিস্তি হিসেবে ২৪ মাসের মধ্যে ১৮টি সমান কিস্তিতে সর্বমোট ১,০৮,০০০/- (এক লক্ষ আট হাজার) টাকা পরিশোধ করবেন। উল্লেখ্য, যে তারিখে ঋণ প্রদান করা হবে পরবর্তী মাসের একই তারিখে (তবে সরকারী ছুটি থাকলে পরবর্তী কার্যদিবস) ঋণের কিস্তি আদায়যোগ্য হবে এবং ঐ তারিখেই ঋণের কিস্তি আদায় করতে হবে। গ্রাহকের চাহিদা অনুযায়ী প্রথমেই যদি গ্রেস পিরিয়ড নির্ধারিত হয় তাহলে ভিন্নতা করা যাবে। তবে দুই বছরের মধ্যে সর্বোচ্চ ৬ মাস গ্রেস পিরিয়ড হিসেবে ছাড় দেয়া যাবে। এ ঋণের গ্রাহক/উদ্যোক্তা এসএফডিএফ-এর সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়ে এসে ঋণের কিস্তি পরিশোধ করবেন। কোন বিশেষ কারণে গ্রাহক/উদ্যোক্তা অফিসে আসতে অপারগ হলে সংশ্লিষ্ট উপজেলা ব্যবস্থাপক/ মাঠকর্মকর্তা ঋণের কিস্তি আদায় নিশ্চিত করবেন। সুফলভোগী ঋণ গ্রহণের সময় উপজেলা ব্যবস্থাপকের নিকট হতে একটি পাশ বই গ্রহণ করবেন। এই পাশ বইতে ঋণীর নাম, ঠিকানা, এনআইডি নম্বর, সদস্য নম্বর, মোবাইল নং, গৃহীত ঋণের পরিমাণ, সার্ভিসচার্জসহ প্রদেয় অর্থের পরিমাণ এবং মাসিক কিস্তির নির্ধারিত তারিখ উল্লেখ করা থাকবে। পরবর্তী ঋণের ক্ষেত্রে পূর্বের পাশ বই ব্যবহার করা যাবে। উপজেলা ব্যবস্থাপক দৈনিক আদায় রেজিষ্টারে ও সদস্য পাশ বইতে আদায়কৃত কিস্তির যথাযথ হিসাব সংরক্ষণ করবেন।

### ১৪.৫ ব্যবসায়ে মজুত মালের পরিমাণ

ব্যবসায়ী উদ্যোক্তার ঋণ প্রস্তাব মূল্যায়নকালীন ব্যবসায়ে আবেদনকৃত ঋণের কমপক্ষে সমপরিমাণ মজুদমাল থাকতে হবে, যেমনঃ একজন গ্রাহক ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ঋণের আবেদন করলে ব্যবসা প্রতিষ্ঠানে তার কমপক্ষে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মজুদ মাল থাকতে হবে। (মজুদ মালের তালিকা আবেদনের সাথে সংযুক্ত করতে হবে)।

### ১৪.৬ ঋণ আবেদনঃ

এ ঋণ গ্রহণের জন্য আবেদনকারী ঋণের আবেদনপত্র, পাশ বই ও এসএমএস সার্ভিস ফি ১০০ (একশত) টাকা এবং যাচাই খরচ বাবদ ১০০ (একশত) টাকা মোট ২০০ (দুইশত) টাকা (অফেরৎযোগ্য) জমা দিয়ে রশিদ সংগ্রহ করবেন। ঋণ আবেদনপত্র ক্রয় এবং পূরণের ক্ষেত্রে এ ঋণ কার্যক্রমে নিয়োজিত কর্মকর্তা গ্রাহককে সার্বিক সহযোগিতা প্রদান করবেন। ঋণ আবেদনের সময়ে আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা নিতে হবে। ছবির পেছনের উপরিভাগে আবেদনকারী তার পুরো নাম ও স্বাক্ষর করবেন। ঋণ প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় ডকুমেন্টস এবং অন্যান্য সকল ক্ষেত্রে তাঁকে অনুরূপ স্বাক্ষর করতে হবে। গ্রাহকের স্বাক্ষরের সঠিকতা

সংশ্লিষ্ট কর্মী নিশ্চিত করবেন। জাতীয় পরিচয় পত্র/ব্যাংকে ব্যবহৃত স্বাক্ষর এক্ষেত্রে নমুনা হিসেবে ব্যবহার করা হবে। এছাড়া গ্রাহকের স্বাক্ষর ও টিপসহি বায়োমেট্রিক মেশিনে সংরক্ষণ করতে হবে।

**১৪.৭ ঋণ প্রক্রিয়াকরণ ফি**

প্রতিবার ঋণ গ্রহণের ক্ষেত্রে এ ঋণের এ্যাপ্রাইজাল ফি (appraisal fee) হবে অনুমোদিত ঋণের ০.৫০% (অফেরতযোগ্য)। সকল ঋণের জন্য এ্যাপ্রাইজাল ফি ঋণ অনুমোদনের পর উদ্যোক্তা এসএফডিএফ অফিসে নগদে জমা দিয়ে রশিদ নিবেন|

**১৪.৮ ঋণের ঝুঁকি মোকাবেলার জন্য ঝুঁকি তহবিল**

প্রতিবার ঋণ গ্রহণের ক্ষেত্রে উদ্যোক্তার মৃত্যুজনিত ঝুঁকি নিরসনের জন্য ঝুঁকি তহবিল হবে অনুমোদিত ঋণের ১% (অফেরতযোগ্য)। সকল ঋণের জন্য ঝুঁকি তহবিল, ঋণ অনুমোদনের পর উদ্যোক্তা সংশ্লিষ্ট এসএফডিএফ অফিসে নগদে জমা দিয়ে রশিদ নিবেন। ঋণ গ্রহীতা মৃত্যু বরণ করলে গঠিত এ ঝুঁকি তহবিল হতে সহযোগিতা করা হবে।

**১৪.৯ ঋণ আবেদন প্রক্রিয়া**

ঋণের আবেদনপত্র পাওয়ার ১ (এক) সপ্তাহের মধ্যে তা প্রক্রিয়াকরণ করতে হবে এবং ঋণ অনুমোদনের জন্য ঋণ এ্যাপ্রাইজাল প্রস্তুত করতে হবে।

**১৪.১০ ঋণ যাচাই-বাছাই অনুমোদন**

ঋণ অনুমোদনের জন্য ঋণ প্রস্তুতকৃত এ্যাপ্রাইজাল সংশ্লিষ্ট উপজেলা ব্যবস্থাপক (ইউএম) কর্তৃক প্রতিস্বাক্ষর করে আঞ্চলিক ব্যবস্থাপক বরাবরে উপস্থাপন করবেন। আঞ্চলিক ব্যবস্থাপক তা ভালোভাবে যাচাই-বাছাই সরজমিন পরিদর্শন করে সম্মতিসূচক স্বাক্ষর প্রদান করবেন। আঞ্চলিক ব্যবস্থাপক সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়ে উপজেলা কুটির ও ক্ষুদ্র উদ্যোক্তা নির্বাচন ও ঋণ অনুমোদন কমিটির সভা আহ্বান ও সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।

১৪.১১ **পাশবহি**

অনুচ্ছেদ ৬.১(ক) ও ৬.১(খ) এর আওতাভুক্ত এসএফডিএফ 'র কেন্দ্রভুক্ত সদস্যের ক্ষেত্রে তাঁর নিজস্ব পাশ বহিটিই উদ্যোক্তা ঋণের জন্য ব্যবহৃত হবে; তবে অফিসে ব্যবহারের জন্য তার নামে আরেকটি পাশবহি ইস্যু করতে হবে, যেটি উপজেলা ব্যবস্থাপক কর্তৃক হালনাগাদ করতে হবে এবং অফিসে উপজেলা ব্যবস্থাপকের নিকট সংরক্ষিত থাকবে| অন্যান্য উদ্যোক্তা সদস্যদের ক্ষেত্রে প্রত্যেকের জন্য ০২ (দুই) কপি পাশবহি ইস্যু করতে হবে, যার এক কপি উদ্যোক্তা সদস্যের নিকট এবং অপর কপি অফিসে উপজেলা ব্যবস্থাপকের নিকট সংরক্ষিত থাকবে| উপজেলা ব্যবস্থাপক কর্তৃক তা' হালনাগাদ করতে হবে| সংশ্লিষ্ট মাঠকর্মকর্তা ঋণ গ্রহীতা সদস্যের নিজস্ব বা ব্যক্তিগত পাশবহিতে যথারীতি ঋণ ও সঞ্চয় আদায়ের তথ্য এন্ট্রি করবেন।

১৪.১২ **ঋণ নথি সংরক্ষণ**

ঋণ বিতরণ যথাযথভাবে সম্পন্ন হওয়ার পর, ব্যাংক এডভাইসের অফিস কপি এ্যাকাউন্ট পেইয়ি চেকের ফটোকপি এবং ব্যাংক স্টেটমেন্ট নথিভুক্ত করে ঐদিনই ঋণনথি নিষ্পত্তিপূর্বক উপজেলা ব্যবস্থাপক যথাযথভাবে সংরক্ষণ কর বেন| নথিভুক্ত সকল কাগজপত্র সিপি নং দ্বারা সিরিয়ালভুক্ত করা এবং সংরক্ষিত কাগজপত্রের একটি তালিকা নথির ইনার-কাভারে স্ট্যাপলার করা এবং তা' নোটশীটের শেষ অনুচ্ছেদে উল্লেখ রাখা উত্তম ও নিরাপদ হবে।

১৪.১২.১ নথিভুক্ত কাগজপত্রে কোন ধরনের ঘাটতি বা অসঙ্গাতি কিংবা তথ্য প্রমাণে কোন ধরনের বিচ্যুতি ধরা পড়লে তার দায়-দায়িত্ব ব্যক্তিগতভাবে আঞ্চলিক ব্যবস্থাপক ও উপজেলা ব্যবস্থাপকসহ ঋণ বিতরণের সাথে সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

## ১৫.০ তহবিল ছাড়করণ ও ব্যাংক হিসাব পরিচালনা

১৫.১ মাঠ পর্যা য়ের বাস্তব অবস্থা, দারিদ্র্যের সুচক ও চাহিদার বিষয়টি বিবেচনায় নিয়ে উপজেলাভিত্তিক এসএফডিএফ প্রধান কার্যালয় হতে অনলাইন ব্যাং কিং এর মাধ্যমে সরাসরি উপজেলাভিত্তিক প্রণোদনা বিনিয়োগ তহবিল ছাড় করা হবে|

১৫.২ ঋণ তহবিল গ্রহণ ও তা' সংরক্ষণের জন্য উপজেলার রাষ্ট্রায়ত্ব তফশিলী ব্যাংক 'সোনালী ব্যাংকে' 'কোভিড-১৯ প্রণোদনা ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ তহবিল' শিরোনামে একটি এসটিডি/এসএনডি ব্যাংক হিসাব খুলতে হবে। প্রধান কার্যালয় হতে চাহিদা মোতাবেক আবর্তক ঋণ তহবিল উক্ত হিসাবে প্রেরণ করা হবে। বিনিয়োগের পর আদায়কৃত সকল কিস্তির মূল টাকা উপজেলার এ হিসাবে পুনর্বিনিয়োগের জন্য জমা রাখতে হবে | আহরিত সার্ভিস চার্জ আয়, সদস্য সঞ্চয় ও অন্যন্য বিবিধ আয়ের প্রতিটি খাত সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্ব এ হিসেবে জমা করতে হবে। মাসশেষে প্রধান কার্যালয়ের কোভিড-১৯ সংশ্লিষ্ট প্রণোদনা তহবিল হিসাবে পুনবিনিয়োগ ও পরিচালন ব্যয় নির্বাহের কাজে ফাউন্ডেশনের নিয়ম অনুযায়ি ব্যবহারের জন্য সংযুক্ত ছক অনুযায়ী মাস ভিত্তিক সুনির্দিষ্ট খাত ও পরিমাণ উল্লেখ করে প্রেরণ করতে হবে।

১৫.৩ উপজেলায় আঞ্চলিক ব্যবস্থাপক এবং উপজেলা ব্যবস্থাপক যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে। উপজেলা ব্যবস্থাপ কের অবর্তমানে আঞ্চলিক ব্যবস্থাপক এবং যিনি উপজেলা ব্যবস্থাপকের দায়িত্বে থাকবেন তাঁদের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালনা করতে হবে।

## ১৬.০ হিসাব সংরক্ষণ

১৬.১ উপজেলা পর্যায়ে হিসাবরক্ষণের জন্য নিম্নবর্ণিত বহি ও ডকুমেন্টসমূহ ব্যবহার করতে হবে—

| | |
|---|---|
| ১। | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যক্রমের জরিপ ফরম |
| ২| | সাময়িক ঋণ অনুমোদন সংক্রান্ত আবেদন |
| ৩| | সাময়িক ঋণ অনুমোদনের শর্তাবলি |
| ৪| | অঙ্গীকারনামা |
| ৫| | জামানতনামা |
| ৬| | বন্ধকীকরণ চুক্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ৭| | সত্ত্বাধিকার দলিল গচ্ছিত রাখার স্মারক |
| ৮| | চাহিদা প্রতিজ্ঞাপত্র |
| ৯| | প্রতিশ্রুতি পত্র |
| ১০| | কিস্তি পত্র |
| ১১| | ক্ষমতা প্রদানপত্র |
| ১১(ক)। | নাদাবি পত্র |
| ১১ (খ)। | মোকাম ১ম শ্রেনীর মেজিষ্ট্রেট আদালত কর্তৃক হলফনামা (৩,০০,০০০ টাকা এবং এর উর্ধ্বে ঋণের ক্ষেত্রে প্রযোজ্য |
| ১২| | ঋণ সংক্রান্ত তথ্য প্রদান |
| ১৩| | ঋণ বিতরণের (রেজিস্টার) তালিকা |
| ১৪| | ঝুঁকিপূর্ন/বাতিলকৃত উদ্যোক্তাদের তালিকা |
| ১৫। | ঋণ পরিশোধের সময়সূচি |

| | |
|---|---|
| ১৬। | মাসিক প্রতিবেদন |
| ১৭। | ঋণ বিতরণ পত্র |
| ১৮। | আদায় রশিদ |
| ১৯। | মাসিক প্রতিবেদনে রিপোর্টিং |
| ২০। | (৯) ব্যাংক সংক্রান্ত নথি/অর্থ স্থানান্তর নথি/ চেক ইস্যু রেজিস্টার (প্রয়োজন হলে) ইত্যাদি। |
| ২১। | ঋণ বিতরণের সামারি সিট ফরম |
| ২২। | মাঠ কর্মকর্তাওয়ারি বারভিত্তিক সঞ্চয় ও ঋণ রেজিষ্টার |
| ২৩। | দৈনিক/বারভিত্তিকসঞ্চয় ও ঋণ আদায়েরতথ্য বিবরণীফরম |
| ২৪। | সঞ্চয় উত্তোলন, সমন্বয় ও ফেরত রেজিষ্টার |
| ২৫। | নগদান বহি |
| ২৬। | খতিয়ান বহি |
| ২৭। | মাঠ কর্মকর্তার কর্মএলাকাভিত্তিক সঞ্চয় ও ঋণ রেজিষ্টার |
| ২৮। | উপজেলাভিত্তিকসঞ্চয় ও ঋণ রেজিষ্টার |
| ২৯। | সঞ্চয় ও ঋণ পাস বই ও সদস্যের মোবাইল নম্বর |

১৬.২ উপজেলা কার্যালয় প্রত্যেক অর্থবছর শেষ হওয়ার পরপরই হিসাবের বার্ষিক প্রতিবেদন তৈরি করবে এবং পরবর্তী জুলাই মাসের ১০ তারিখের মধ্যে তা' প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

১৬.৩ অনুচ্ছেদ ১৪ .২অনুযায়ী প্রত্যেক ঋণ গ্রহীতা সদস্যের নিজ নামে উপজেলায় সংশ্লিষ্ট সোনালী ব্যাংকে অথবা যে কোন তফসিলী ব্যাংকে স্বতন্ত্র ব্যাংক একাউন্ট থাকতে হবে। গ্রেস পিরিয়ড ছাড়া কিস্তি বকেয়া থাকলে পোস্ট ডেটে চেকের মাধ্যমে তা আদায় করা যাবে। বকেয়া কিস্তির সমপরিমাণ অর্থ হিসাবে জমা না থাকলে এ ক্ষেত্রে আদায়ের জন্য আইনগত ব্যবস্থা নেয়া যাবে।

১৬.৪ উপজেলা ব্যবস্থাপক প্রত্যেক উদ্যোক্তা সদস্যের নামে একটি করে পাশবহি ইস্যু করবেন ও ভিন্ন একটি পাশ বই অফিসে সংরক্ষণ করবেন।

## ১৭.০ ঋণ আদায়

১৭.১ অনুচ্ছেদ ১২.৩ অনুযায়ী উদ্যোক্তা ঋণ পরিশোধের মেয়াদ হবে দুই বছর (২৪ মাস) ।এর মধ্যে গ্রেস পিরিয়ড হবে ৬ মাস। ৬ মাস গ্রেস পিরিয়ড ব্যতিত ২৪তম মাসের মধ্যে ১৮টি সমান মাসিক কিস্তিতে ঋণ আদায় করতে হবে।

১৭.২ অনুচ্ছেদ ১২.৪ অনুযায়ী এ নির্ধারিত মেয়াদের জন্য ঋণের সেবামূল্য ফ্ল্যাট রেটে ৪% হারে প্রযোজ্য হবে। তবে ঋণ পরিশোধের নির্ধারিত দুই বছর (২৪ মাস) সময়কাল অতিক্রান্ত হলে বকেয়া সমুদয় ঋণ (যদি থাকে) খেলাপি হিসাবে গণ্য হবে; এবং এই বকেয়া খেলাপি ঋণের উপর প্রতি বছর ফ্ল্যাট রেটে ১১% হারে সেবামূল্য ধার্য হবে।

**ব্যাখ্যা:**

জনাব আলেয়া বেগম ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে ১ ,০০,০০০/- (এক লক্ষ) টাকা ঋণ গ্রহণ করেন। নির্ধারিত দুই বছরে পরিশোধযোগ্য ১৮টি কিস্তির মধ্যে তিনি ১২টি কিস্তি পরিশোধ করেছেন, এবং ৬টি কিস্তি পরিশোধে ব্যর্থ হয়েছেন। এ অবস্থায় তার অবশিষ্ট বা বকেয়া বা খেলাপি (যে নামেই অভিহিত করা হোক) ৬টি কিস্তির ক্ষেত্রে অনুচ্ছেদ ১২.৪ অনুযায়ী প্রণোদনা প্যাকেজের সুবিধা বাতিল হবে, এবং উক্ত ৬টি কিস্তির আসলের উপর ফ্ল্যাট রেটে ১১% হারে সেবামূল্য আরোপ হবে।

উদাহরণস্বরূপ—জনাব আলেয়া বেগমে র গৃহীত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ঋণের ক্ষেত্রে দুই বছরের জন্য ফ্ল্যাট রেটে ৪% হারে সেবামূল্য ধার্য হবে ৮,০০০/- টাকা। সুতরাং তার নিকট হতে নির্ধারিত সময়ে মোট আদায়যোগ্য হবে (আসল ১,০০,০০০+সেবামূল্য ৮,০০০)=১,০৮,০০০/- টাকা। ঋণ বিতরণের পর ২৪ মাসের মধ্যে ১৮টি সমান কিস্তিতে এই ১,০৮,০০০/- টাকা আদায়যোগ্য হলে প্রতি কিস্তিতে গড় আদায়যোগ্য হবে সেবামূল্যসহ প্রায় (১,০৮,০০০÷১৮)=৬,০০০/- টাকা। অর্থাৎ প্রতি কিস্তিতে আদায়যোগ্য আসল হবে [(৬,০০০÷১০৮)×১০০]=৫,৫৫৬/- টাকা এবং সেবামূল্য হবে [(৬,০০০÷১০৮)×৮]=৪৪৪ টাকা। এখন, জনাব আলেয়া বেগম ১২টি কিস্তিতে (৬,০০০ টাকা ×১২ কিস্তি)=৭২,০০০/- টাকা পরিশোধের পর বাকি ৬টি কিস্তি পরিশোধে ব্যর্থ হয়েছেন। অর্থাৎ নির্ধারিত মেয়াদ শেষে তার খেলাপি/অবশিষ্ট/বকেয়া আসল [১,০০,০০০-(৫৫৫৬×১২)]=৩৩,৩২৮/- টাকা; যার উপর ১১% হারে ৩,৬৬৬/- টাকা সেবামূল্য পুনঃনির্ধারণ করে মোট (আসল ৩৩,৩২৮+সেবামূল্য ৩,৬৬৬)=৩৬,৯৯৪/- টাকা পরবর্তীতে সর্বোচ্চ এক বছরের মধ্যে আদায় করতে হবে। তবে এক বছরের পূর্বে যে কয়মাস পর সমুদয় ঋণ পরিশোধিত হবে সে কয়মাসের জন্যই বর্ধিত সেবামূল্য আরোপিত হবে।

১৭.৩ কিস্তি পরিশোধের জন্য একজন ঋণ গ্রহীতা সদস্যকে নিয়মিত মোটিভেশনের মধ্যে রাখতে হবে, এবং কোন বিশেষ কারণে তিনি একটি কিস্তি পরিশোধে ব্যর্থ হলে এবং গ্রেস পিরিয়ড হিসেবে তা গণ্য না হলে অফিসে সংরক্ষিত তার পোস্ট ডেটেড চেক দ্বারা ঐ কিস্তিটি আদায় করা যাবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্যের কাজ থেকে আর একটি পোস্ট ডেটেড চেক সংগ্রহ করতে হবে। পোস্ট ডেটেড চেকের মাধ্যমে কিস্তি আদায় হলে ব্যাংক স্টেটমেন্টের ভিত্তিতে উপজেলা ব্যবস্থাপক ও মাঠকর্মকর্তা যথানিয়মে ঋণ গ্রহীতার পাশবহি ও দাপ্তরিক রেকর্ডপত্র হালনাগাদ করবেন।

১৭.৪ সংশ্লিষ্ট উপজেলা ব্যবস্থাপক/ মাঠকর্মকর্তা প্রতিমাসের নির্ধারিত তারিখে একজন ঋণ গ্রহীতার নিকট থেকে কিস্তি আদায়ের পর ঐ সদস্যের পাশবহিতে এবং অফিসে সংরক্ষিত পাশ বইয়ে লিপিবদ্ধপূর্বক স্বাক্ষর করবেন, এবং মাসিক আদায়শিটে তা লিপিবদ্ধপূর্বক নির্ধারিত স্থানে ঋণ গ্রহীতার স্বাক্ষর গ্রহণ করবেন। অতপর আদায়কৃত টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমাপূর্বক জমার রশিদ ও মাসিক আদায়শিট যথাযথভাবে সংরক্ষণ করবেন। উপজেলা ব্যবস্থাপক সংশ্লিষ্ট লেজার ও ডকুমেন্টে লিপিবদ্ধ করবেন এবং আঞ্চলিক ব্যবস্থাপক গ্রহণ করবেন।

**১৮.১ কোভিড-১৯ প্রণোদনা তহবিলের হিসার সংরক্ষণের জন্য অটোমেশনে অনলাইন তথ্য পোস্টিং**

[ ফাউন্ডেশনের ক্ষুদ্র ঋণ কার্যক্রমক গতিশীল, স্বচ্ছ ও যুগোপযোগী করতে ফাউন্ডেশন একটি Microfin৩৬০ নামে একটি অনলাইন software চলমান রয়েছে যা ক্ষুদ্র ঋণ কার্যক্রমের শাখা পর্যায়ে MIS ও AIS ইনটিগ্রেশন করছে এবং শাখা অফিসের দৈনন্দিন কাজকে অনেকাংশে সহজতর করে তুলেছে। Microfin৩৬০ software-এর বড় বৈশিষ্ট হলো web এর মাধ্যমে কাজ করা। ফলে ডাটা সিকিউরিটিসহ প্রতিদিনের, সপ্তাহের ও মাসের মধ্যে শাখা, আঞ্চলিক ও প্রধান কার্যালয়ের সকল ধরণের Realtime তথ্য/রিপোর্ট তাৎক্ষণিকভাবে পাওয়া ও সমন্বিত করা সম্ভব হচ্ছে। এতে কর্তৃপক্ষ দ্রুত সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে মাঠ কার্যক্রমের গতিশীলতা আনয়ন করে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনসহ প্রতিষ্ঠানের সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে পারছে।]

এ সফট্ওয়্যারে কোভিড-১৯ প্রণোদনা তহবিলের হিসাব সংরক্ষণ ও ঋণ কার্যক্রম পরিচালনার জন্য সফট্ওয়্যারে আলাদা একটি কোভিড-১৯ প্রণোদনা তহবিল নামে ফোল্ডার খোলা হবে। এ ফোল্ডারে কোভিড-১৯ প্রণোদনা আবর্তক ঋণ তহবিল প্রাপ্তি ও প্রেরণ, উপজেলা কেন্দ্র গঠন, দৈনিক সদস্য ভর্তি, সঞ্চয় জমা, উত্তোলন, সমন্বয়/ফেরত, ঋণ বিতরণ, ঋণের কিস্তি আদায়, বিবিধ আদায় ও পরিশোধ সংক্রান্ত যাবতীয় তথ্য ও ডাটা পোষ্টিং প্রদান করতে হবে। এতে সদস্যদের ডাটাবেজ এবং ঋণ ও সঞ্চয়ের সার্বিক তথ্যাদি অটোমেশনে সন্নিবেশিত থাকবে। ফলে প্রতিদিনের, সপ্তাহের ও মাসের মধ্যে শাখা, আঞ্চলিক ও প্রধান কার্যালয়ের সকল ধরনের আপডেট তথ্য/রিপোর্ট

তাৎক্ষণিকভাবে পাওয়া ও সমন্বিত করা সম্ভব হবে। সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় এ ঋণ কার্যক্রমের জন্যও অটোমেশন সফট্ওয়্যারটির কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজ শীর্ষক ফোল্ডারে বর্ণিত ছক অনুযায়ী নিয়মিতভাবে লেনদেনের সার্বিক তথ্যসমূহ এন্ট্রি দিতে হবে।

## ১৮.২ পুনরায় ঋণের আবেদন

প্রণোদনা প্যাকেজ এর আওতায় এ ঋণ কার্যক্রমের সফল বাস্তবায়ন এবং গৃহীত ঋণ যথারীতি পরিশোধ সাপেক্ষে পরবর্তী ঋণের জন্য গ্রাহক আবেদন করতে পারবেন। তবে পূর্ববর্তী সমূদয় ঋণ পরিশোধ সাপেক্ষে পরবর্তী ঋণের জন্য আবেদন করতে পারবেন।

১৮.২.১ কোভিড-১৯ প্রণোদনা ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ পুনর্বিনিয়োগের ক্ষেত্রে সরকারি পর্যায়ে পরিচালিত 'ক্ষুদ্র ঋণ নীতিমালা ২০১৬' এর আওতায় এবং এসএফডিএফ প্রণীত কার্যনির্দেশিকার অনুসরণে আদায়কৃত ঋণের অর্থ পুনর্বিনিয়োগ করা যাবে এবং আবর্তক ঋণ হিসেবে চলমান থাকবে।

## ১৮.৩ মনিটরিং ও রিপোর্টিং

১৮.৩.১. প্রতিটি সদস্যের আর্থিক লেনদেনের তথ্য এসএমএসের মাধ্যমে সদস্যকে ঐ দিনই অবহিত করা হবে। কেন্দ্রীয়ভাবে এ এসএমএস তথ্য মনিটরিং করতে হবে।

১৮.৩.২ আঞ্চলিক ব্যবস্থাক/ উপজেলা ব্যবস্থাপক ঋণ গ্রহীতাদের কার্যক্রম নিয়মিত পরিদর্শন ও মূল্যায়ন করবেন। প্রতিমাসের ৩ তারিখের মধ্যে নির্ধারিত ছকে রিপোর্টিং মাসের প্রতিবেদন আঞ্চলিক ব্যবস্থাপকের নিকট দাখিল করবেন। আঞ্চলিক ব্যবস্থাপক তার অধীনস্ত উপজেলাসমূহের প্রতিবেদন একীভূত করে তার মতামত প্রতি মাসের ৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।

১৮.৩.৩ প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত মাসিক সভায় আঞ্চলিক ব্যবস্থাপক উপজেলাওয়ারি এ ঋণ কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা করবেন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। আঞ্চলিক ব্যবস্থাপকগণ উপজেলাসমূহ পরিদর্শনকালে কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজের ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যক্রম পর্যালোচনা করবেন এবং কোন ত্রুটি চিহ্নিত হলে প্রতিবেদন আকারে মনিটরিং অধিশাখাকে অবহিত করবেন।

১৮.৩.৪ মনিটরিং ও আইসিটি অধিশাখা কোভিড-১৯ প্রণোদনা ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যক্রম নিয়মিত সরাসরি ও অনলাইন মনিটরিং করবে এবং প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে।

## ১৯.০ কোভিড-১৯ প্রণোদনা তহবিল ব্যবহার সংক্রান্ত হিসাব পরিচালনা পদ্ধতি

১৯.১ নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে প্রণোদনা প্যাকেজের আওতায় সরকার প্রদত্ত বিশেষ অনুদান তহবিল এসএফডিএফ-এর চলমান কেন্দ্রীয় ব্যবস্থাপনায় সংরক্ষণ ও পরিচালিত হবে । এসএফডিএফ প্রধান কার্যালয়ের তত্বাবধানে সোনালী ব্যাংক লিঃ কাওরান বাজার শাখায় ''ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন কোভিড -১৯ প্রণোদনা তহবিল" নামে একটি রিভল্ভিং ফান্ড হিসাব খোলা হয়েছে। হিসাব নম্বর এসএনডি-০১১৭২০৩০০০২৫৩। সরকার থেকে প্রাপ্ত তহবিল এ হিসাবে জমা করা হয়েছে ও হবে এবং মাঠ পর্যায়ের পরবর্তী সকল লেনদেন এ হিসাবের মাধ্যমে সম্পাদন করা হবে।

১৯.২ একইভাবে এসএফডিএফ এর ১৭৩টি উপজেলা কার্যালয়ের তত্বাবধানে ''ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন কোভিড-১৯ প্রণোদনা তহবিল "-এর অনুকূলে সংশ্লিষ্ট সকল উপজেলায় সোনালী ব্যাংক শাখায় একই শিরোনামে ('রিভল্ভিংফান্ড') একটি করে এসটিডি/এসএনডি হিসাব ও খতিয়ান থাকবে।

১৯.৩ অনুদানের অর্থ মাঠ কার্যালয়সমূহের চাহিদা প্রয়োজনীয়তা, দারিদ্র্য সূচক ও সক্ষমতা বিবেচনায় নিয়ে প্রধান কার্যালয়ের (কেন্দ্রীয়)“রিভল্ভিংফান্ড” হতে সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়ের (স্থানীয়) “রিভল্ভিংফান্ড” এ প্রেরণ করা হবে । প্রেরিত তহবিলের সুষ্ঠু ব্যবহার এর লক্ষ্যে বিভিন্ন কার্যালয়ের অবিনিয়োগকৃত তহবিল ও উদ্বৃত্ত অর্থ এসএফডিএফ-এর বিদ্যমান আন্তঃকার্যালয় লেনদেন ব্যবস্থাপনায় স্থানান্তর করা যাবে । প্রণোদনা তহবিল ব্যবহার সংশ্লিষ্ট হিসাব সংরক্ষণের জন্য পৃথকভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। মাঠ কার্যালয়সমূহ‘‘ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন কোভিড -১৯ প্রণোদনা তহবিল”-এর বিপরীতে “রিভল্ভিংফান্ড” হতে গ্রাহক/সদস্য পর্যায়ে ঋণ বিতরণ করবে এবং পরবর্তী আদায়কৃত সকল টাকা উক্ত হিসাবে জমা নিশ্চিত করবে এবং আদায়কৃত টাকা হতে ঋণ বিতরণ ও অন্যান্য লেনদেন অব্যাহত থাকবে।

১৯.৪ ঝুঁকি তহবিলের টাকা ও মৃত্যুজনিত কারণে ঋণ মওকুফের জন্য পরিশোধ সংক্রান্ত লেনদেন , আদায়কৃত সার্ভিসচার্জ/সুদের হিসাব এবং আন্তঃখাত সমন্বয়ের মাধ্যমে সঞ্চয় , অর্জিত ব্যাংকসুদ ও ব্যাংক চার্জের অর্থ প্রতি মাসে খাতওয়ারী হিসাব সংযুক্ত ছক অনুযায়ী বর্ণনা করে প্রতি মাসের শেষে কেন্দ্রীয় তহবিলে প্রেরণ করতে হবে।

**১৯.৫ অডিট**

ঋণ কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতি অর্থবছর শেষে কোভিড-১৯ প্রণোদনা ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ তহবিলের অডিট সম্পাদন করতে হবে। ফাউন্ডেশনের অডিট ও নিরীক্ষা অধিশাখা এবং ক্ষেত্রমত অর্থ মন্ত্রণালয় বা সরকারের অডিট বিভাগ বার্ষিক নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করবে। স্বচ্ছতা ও জবাব দিহীতা নিশ্চিত করার জন্য ফাউন্ডেশনের অডিট শাখা নিয়মিত ভাবে উপজেলা পর্যায়ে আভ্যন্তরীণ অডিট কার্যক্রম পরিচালনা করবে।

## ২০.০ নীতিমালা প্রয়োগ ও সংশোধনের ক্ষমতা

**২০.১** এ নীতিমালায় উল্লেখ নেই এমন কোন বিষয়ের অবতর ণা হলে সেক্ষেত্রে তা সমাধানের জন্য ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কার্যনির্দেশিকা, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যনির্দেশিকার বিধিসমূহ প্রযোজ্য হবে। প্রয়োজনে এক্ষেত্রে দেশের সংশ্লিষ্ট আইন/বিধি অনুযায়ী ব্যবস্থা নেয়া যাবে।

২০.২ সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনা বা পরিস্থিতি বিবেচনায় ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে সময়ে সময়ে প্রয়োজন হলে যথানিয়মে এই নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করতে পারবে।

কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল **পরিশিষ্ট - ১**

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন(এসএফডিএফ)**

**প্রণোদনা প্যাকেজ ঋণ কার্যক্রম**

**পেশাজীবী/একক উদ্যোক্তা সদস্য/সদস্যা সনাক্তকরণ জরিপ 'ছক'**

১। কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের নামঃ

২। কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের অবস্থানঃ

৩। উদ্যোগের ধরণঃ

৪। উদ্যোগের আইনগত অবস্থানঃ একক মালিকানা ☐ যৌথ মালিকানা ☐

৫। উদ্যোগের আইনগত রেজিস্ট্রেশন আছে কি (ট্রেড লাইসেন্স)? হাঁ ☐ না ☐

৬। উদ্যোক্তার নামঃ .................................................. , বয়স............, শিক্ষাগত যোগ্যতাঃ...............

৭। উদ্যোক্তার প্রাথমিক বিনিয়োগের পরিমাণঃ...................,ব্যবসা শুরুর তারিখঃ....................................

৮। ব্যবসা পরিচালনায় উদ্যোক্তার দক্ষতা এবং অভিজ্ঞতাঃ ............................................................

..................................................................................................................................

৯। এই উদ্যোগ হতে আয় (মাসিক)ঃ......................................, অন্যান্য উৎস থেকে মাসিক আয়ঃ.............

১০। উদ্যোক্তা অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করেছেন কি? হ্যাঁ ☐ না ☐

১১। উদ্যোগ পরিচালনায় ঋণের প্রযোজন আছে কি? হ্যাঁ ☐ না ☐

যদি হ্যাঁ হয়, টাকার পরিমাণঃ...............................

১২। উদ্যোক্তার ব্যবসা পরিচালনার মালামাল কোথা হতে ক্রয় করা হয় ? স্থানীয় বাজার হতে ☐ বিদেশ হতে ☐

১৩। উদ্যোক্তা তার সরবরাহকারী/ ধারে বিক্রয়কারীদের নিয়মিত পরিশোধ করেন কি ? হ্যাঁ ☐ না ☐

১৪। তার সম্পর্কে অন্যান্য ব্যবসায়ী/ প্রতিবেশীদের মতামতঃ...................................................................

১৫। উদ্যোগের অবস্থাঃ নতুন ☐ চলতি ☐ বন্ধ ☐

১৬। উদ্যোক্তা এসএফডিএফ কেন্দ্রভুক্ত পরিবারের সদস্য কি ? হ্যাঁ ☐ না ☐

১৭। বিগত ৩ বৎসরে ব্যবসার অবস্থাঃ

| | বিক্রয় | মোট লাভ | নীট লাভ |
|---|---|---|---|
| ২০১৯ | | - | - |
| ২০২০ | | - | - |
| ২০২১ | | - | - |

১৮। উদ্যোক্তার ব্যক্তিগত/ ব্যবসার দায়- দেনার পরিমাণ (যদি থাকে)ঃ......................................................

১৯। উদ্যোক্তার সম্পর্কে Surveyor এর মতামত ( তার সততা, নৈতিকতা এবং সামাজিক গ্রহণযোগ্যতা ইত্যাদি)

..................................................................................................................................

..................................................................................................................................

..................................................................................................................................

..................................................................................................................................

..................................................................................................................................

| ........................ | .................. ................ | |
|---|---|---|
| সিনিয়র মাঠকর্মকর্তা/মাঠ কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ | উপজেলা ব্যবস্থাপকের স্বাক্ষর ও তারিখ | সার্ভে তারিখ |

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন(এসএফডিএফ)**
**প্রণোদনা প্যাকেজ ঋণ কার্যক্রম**

**পরিশিষ্ট -২**

**ছবি**

**ঋণের আবেদন পত্র।**

উপজেলা ব্যবস্থাপক
উপজেলা.....................................
জেলা..........................................

আমি আর্থিক প্রণোদনা ঘূর্ণায়মান ঋণ তহবিল কর্মসূচির নীতিমালা সম্পর্কে সম্পূর্ণ অবগত হয়ে ঋণের জন্য আবেদন করছি এবং প্রয়োজনীয় জামানত, মর্টগেজ কারবার নামা ও অন্যান্য কাগজপত্রে স্বাক্ষর করেছি।

১। আবেদনকারীর নামঃ......................................................
২। পিতা/স্বামীর নামঃ........................................................
৩। মাতার নাম:...............................................................
৪। পরিচিতি নং:...............................................................
৫। ঋণের উদ্দেশ্যঃ.........................................................
৬। কর্মকান্ডের নাম:
৭। আবেদনকৃত ঋণের পরিমাণ:
৮। মোবাইল নম্বর:

আবেদনকারীর স্বাক্ষর

আবেদনকারী জনাব ................................ ; ................................ সমিতি/দলের সদস্য/একক উদ্যোক্তা। তাঁর ঋণের আবেদন যাচাই বাছাই পূর্বক ..........................টাকা (কথায়).............................................টাকা ঋণ মঞ্জুর করার সুপারিশ করা হলো। আবেদনপত্র উপজেলা আর্থিক প্রণোদনা ঘূর্ণায়মান ঋণতহবিল উপজেলার ঋণ অনুমোদন কমিটিতে উপস্থাপনযোগ্য এবং কমিটির বিবেচনাযোগ্য।

মাঠ কর্মকর্তার স্বাক্ষর ও সীল উপজেলা ব্যবস্থাপকের স্বাক্ষর ও সীল

উপজেলার ঋণ অনুমোদন কমিটির .......................তারিখে অনুষ্ঠিত.............নং সভার সিদ্ধান্ত মোতাবেক .............................টাকা (কাথায়)................................................টাকা ঋণ মঞ্জুর করা হলো।

স্বাক্ষরঃ..............................
তারিখঃ..............................
আঞ্চলিক ব্যবস্থাপক স্বাক্ষর ও সীল

কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল **পরিশিষ্ট –৩**

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন(এসএফডিএফ)**

**প্রণোদনা প্যাকেজ ঋণ কার্যক্রম**

**<u>তমসুক/অঙ্গীকারনামা</u>**

আমি নিম্নস্বাক্ষরকারী
পিতা..............................ধর্ম..............................পেশা............................
নিবাস................................................থানা..............................জেলা..........................
...........................................................সমিতি/দলের সদস্য হিসেবে আর্থিক প্রণোদনা ঘুর্ণায়মান ঋণ তহবিল হতে .......................................টাকা ঋণ গ্রহণ করিলাম। অনুসৃত নিয়মাবলী অনুযায়ী নগদ (অংকে ও কথায়) ..........................................ঋণ গ্রহণের তারিখ হইতে এই ঋণের উপর বাৎসরিক শতকরা ৪% হারে সেবামূল্য সহকারে অথবা আর্থিক প্রণোদনা ঘুর্ণায়মান ঋণ তহবিল এসএফডিএফ অথবা সরকার কর্তৃক নির্ধারিত হারে সেবামূল্য সহ সমুদয় ঋণ ১৮ টি সমান মাসিক কিস্তিতে পরিশোধে বাধ্য থাকিব কিংবা যখনই আমাকে পরিশোধ করিবার নোটিশ দেওয়া হইবে তখনই ঋণের সমূদয় অর্থ সেবামূল্যসহ নগদে পরিশোধ করিতে বাধ্য থাকিব।

যদি উক্ত ঋণের কোন কিস্তি বাবদ আসল কিংবা সেবামূল্য ঠিক সময়ে পরিশোধ না করি তাহা হইলে এসএফডিএফ প্রণোদনা তহবিল নীতিমালা অনুযায়ী সেবামূল্য সহ ঋণের সমুদয় টাকা চাহিবা মাত্র পরিশোধ করিতে বাধ্য থাকিব।

আমি আরও স্বীকার করিতেছি যে এই টাকা দেয় তারিখ হইতে এক সপ্তাহের মধ্যে পরিকল্পনা অনুযায়ী ......................উদ্দেশ্যে খরচ করিব। যদি এই টাকা নির্দিষ্ট সময়ের মধ্যে উল্লেখিত উদ্দেশ্যে খরচ না করি তাহা হইলে আর্থিক প্রণোদনা ঘুর্ণায়মান ঋণ তহবিল এসএফডিএফ বিধান মোতাবেক যে দন্ড প্রদানের ব্যবস্থা নেওয়া হইবে তাহাও মানিয়া নিতে বাধ্য রহিলাম।

উপরোক্ত শর্তে সমস্ত টাকা বুঝিয়া পাইয়া আমি এই খত লিখিয়া দিলাম।

তারিখঃ..................................... ঋণ গ্রহীতা
স্বাক্ষরঃ.....................................

আমরা সমবেত ও পৃথক ভাবে বিনা ওজর আপত্তিতে উপরোক্ত ঋণের টাকা উহার সেবামূল্য আদায়ের নিমিত্ত এবং টাকা যে উদ্দেশ্যে নেওয়া হয়েছে সে উদ্দেশ্যে যাতে ব্যবহার করা হয় তাহার জন্য জামিন রহিলাম।

| | | | |
|---|---|---|---|
| ১। জামিনদার | : ২ | ।জামিনদার | : |
| পিতা/স্বামীর নাম | : পিতা/স্বামীর নাম | | : |
| ঠিকানা | : ঠিকানা | | : |

কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল পরিশিষ্ট-০৪

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন(এসএফডিএফ)**

**প্রণোদনা প্যাকেজ ঋণ কার্যক্রম**

# জামানতনামা

আমি......................................................................অঙ্গীকার করিতেছি যে, এসএফডিএফ এর কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিলে কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা ঋণ কর্মসূচি হতে জনাব ......................................................এর গৃহীত নিম্নবর্ণিত ঋণের জামানতদার হতে সম্পুর্ণ ভাবে সম্মত।

**ঋণের বিবরণঃ**

মোট ঋণের টাকা ...............(কথায় ........................)ঃ বার্ষিক সার্ভিস চার্জ হার ....................ঋণ গ্রহীতার প্রকল্পের বর্ণনাঃ......................................................................ঋণ গ্রহণের তারিখ ........................... কিস্তি সংখ্যা ................. শেষ কিস্তি পরিশোধের তারিখ ....................।

জামানতদার হিসাবে আমি অঙ্গীকার করিতেছি যে, ঋণ গ্রহীতা উপরোক্ত ঋণ পরিশোধ না করিলে আমি সার্ভিস চার্জসহ ঐ ঋণ পরিশোধ করিব। এই পরিস্থিতিতে আমি অপরিশোধিত ঋণ ও তার সার্ভিসচার্জ সহ সমুদয় টাকা কোভিড-১৯ প্রণোদনা নীতিমালা অনুযায়ী আমার নিকট হইতে আদায় করার জন্য এসএফডিএফ কে ক্ষমতা প্রদান করলাম।

আমি আরও নিশ্চয়তা প্রদান করিতেছি যে, এসএফডিএফ ঋণের টাকা সার্ভিস চার্জসহকারে সম্পূর্ণ আদায় না হওয়া পর্যন্ত এই জামানতনামা বলবৎ থাকিবে।

নিম্নস্বাক্ষরকারী সাক্ষীদের উপস্থিতিতে সম্পূর্ণ স্বেচ্ছায় স্বজ্ঞানে উক্ত জামানতনামার মর্মার্থ বুঝিয়া কাহারো প্ররোচনায় উদ্বুদ্ধ না হইয়া এই জামানতনামায় স্বাক্ষর প্রদান করিলাম।

সাক্ষরঃ................................................তারিখঃ.................................................................
নামঃ.......................................................পিতা/স্বামীর নামঃ................................................
পেশাঃ.....................................................................................
পদবিঃ..................................................................................
বর্তমান
ঠিকানাঃ.......................................................................................................................
স্থায়ী ঠিকানাঃ................................................................................................................

মোবাইলঃ...........................................................................

সাক্ষীর সাক্ষর সাক্ষীর সাক্ষর

| | |
|---|---|
| ১। নাম................................................... | ১। নাম ................................................. .. |
| পিতা/ স্বামীর নাম ................................. | পিতা/স্বামীর নাম......................................... |
| ঠিকানা .............................................. | ঠিকানা ................................................... |

আমি উপরোক্ত বিষয়ে নিশ্চয়তা এবং সম্মতি প্রদান করছি যে, ঋণ গ্রহীতাকে আপনাদের প্রদত্ত কোন প্রশ্রয় বা সুবিধা প্রদানের ফলে আমার দ্বারা আপনার/আপনাদের অনুকূলে স্বাক্ষরিত জামিন পত্রের বিপরীতে আপনার/আপনাদের কোন অধিকার ক্ষুন্ন হবে না।

----------
জামিনদার

কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল পরিশিষ্ট-০৫

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন(এসএফডিএফ)**
**প্রণোদনা প্যাকেজ ঋণ কার্যক্রম**

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন**
**আর্থিক প্রণোদনা ঘুর্ণায়মান ঋণ তহবিল**
উপজেলা.........................................
জেলা............................................

**<u>মালামাল দায়বদ্ধ রাখার একরার নামা</u>**

এই একরারনামাঃ ..................................................সনের ........................................তারিখে আমি .............................................................পিতা/স্বামীঃ............................................... গ্রাম..............................................ডাকঘর..........................উপজেলাঃ............................ জেলাঃ.....................................................কর্তৃক সম্পাদিত হল। এই দলিল আমার উত্তরাধিকারীগণ, তত্ত্বাবধায়কবৃন্দ ও নির্দিষ্ট ব্যক্তিগণকেও অনুর্ভূক্ত করবে। আর্থিক প্রণোদনা ঘুর্ণায়মানঋণকর্মসূচী আমাকে ও আমার পরিবারের সকল সদস্যকে ............................................ টাকা বার্ষিক শতকরা ৪% সেবামূল্যসহ মোটঃ ........................... টাকা সমান ১৮টি মাসিক কিস্তিতে সম্পূর্ণ পরিশোধ করার শর্তে ঋণ মঞ্জুর করেছে। যতদিন উক্ত ঋণের টাকা ও তার সেবামূল্য সম্পূর্ণ পরিশোধ না হবে, ততদিন পর্যন্ত উক্ত টাকা এবং এই ঋণের টাকায় অর্জিত সম্পত্তি আমি কোন অবস্থাতে হস্থান্তর করব না। আমি ঋণ প্রদানের যাবতীয় শর্ত মানতে বাধ্য থাকবে। ঋণের টাকা সম্পূর্ণ ঋণ ও সেবামূল্য পরিশোধ বাধ্য থাকব। ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধের ব্যর্থতার কারণে উক্ত আর্থিক প্রণোদনা ঘুর্ণায়মান কর্মসূচী আমার স্থাবর/অস্থাবর সম্পত্তি হতে ঋণ ও সেবামূল্যের টাকা আদায় করতে বা আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে। এত আমি বা আমার উত্তরাধিকারীগণ কোনরুপ আপত্তি করতে পারব না এবং আপত্তি করলে আইনগত কোন বৈধতা থাকবে না। এই একরারনামা আমি সজ্ঞানে ও সুস্থ মস্তিস্কে স্বাক্ষর করলাম।

...............................
(ঋণ গ্রহীতার স্বাক্ষর)
তারিখঃ.....................

সাক্ষীঃ

| | |
|---|---|
| ১। স্বাক্ষর............................................ | ২। স্বাক্ষর............................................ |
| নামঃ................................................ | নামঃ................................................ |
| পিতা/স্বামীর নামঃ.................................. | পিতা/স্বামীর নামঃ.................................. |
| গ্রামঃ.................................................. | গ্রামঃ.................................................. |
| ডাকঘরঃ.............................................. | ডাকঘরঃ.............................................. |
| উপজেলাঃ........................................... | উপজেলাঃ........................................... |
| জেলাঃ................................................ | জেলাঃ................................................ |

নোটঃ মহিলা ঋণ গ্রহীতার ক্ষেত্রে উপরোক্ত স্বাক্ষীদ্বয়ের মধ্যে একজন হবেন ঋণ গ্রহীতার পরিবার প্রধান।

কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল                                             পরিশিষ্ট-০৬

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন(এসএফডিএফ)**
**প্রণোদনা প্যাকেজ ঋণ কার্যক্রম**

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন**
**আর্থিক প্রণোদনা ঘূর্ণায়মান ঋণ তহবিল**

উপজেলা.........................................
জেলা.............................................

## পাওনা অঙ্গীকারপত্র
## (ডি.পি. নোট)

টাকা.......................................................................... তারিখঃ.....................................

আমি নিম্ন স্বাক্ষরকারী.................................................**আর্থিক প্রণোদনা ঘূর্ণায়মান ঋণ তহবিল**থেকে অদ্য....................টাকা (কথায়.................................................টাকা) ঋণ গ্রহণ করলাম ও চাহিবামাত্র **আর্থিক প্রণোদনা ঘূর্ণায়মান ঋণ তহবিল কর্মসূচি** অথবা তাদের নির্দেশনানুসারে প্রদেয় সেবা মূল্যসহ (সেবামূল্যের হার....................................%) পরিশোধ করার অঙ্গীকারে আমি এই ডিমান্ড প্রমিসরী নোট সই করলাম।

স্বাক্ষরঃ ..........................
পূর্ণ নামঃ ..........................
পিতা/স্বামীর নামঃ ..........................
দল/সমিতির নামঃ ..........................
গ্রামঃ ..........................
ডাকঘরঃ ..........................
উপজেলাঃ ..........................
জেলাঃ ..........................

প্রতিস্বাক্ষরিত

সদস্যের নামঃ.................................... সদস্যের নামঃ.....................................  ...
স্বাক্ষরঃ........................................... স্বাক্ষরঃ............................................  ....
তারিখঃ.......................................... তারিখঃ...............................................

কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল পরিশিষ্ট-০৭

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন(এসএফডিএফ)**

**প্রণোদনা প্যাকেজ ঋণ কার্যক্রম**

## ঋণ বিতরণ পত্র

স্থানঃ ..........................................................তারিখঃ................আমি এসএফডিএফ এর ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের মঞ্জুরী বাবদ টাকা ...................(কথায় ........................ মাত্র) চেক নম্বর ..................। .............................. ব্যাংক ................................................. শাখা বুঝে নিয়ে স্বাক্ষর করলাম।

স্বাক্ষরঃ

নামঃ.........................................................

ঠিকানাঃ.........................................................

মোবাইল নংঃ-

| অফিস পূরণ করবেঃ | |
|---|---|
| অঞ্চলঃ............................... | ঋণীর সদস্য নং- ......................................... |
| কার্যালয়ঃ ............................... | ঋণের মেয়াদঃ .......................................... |
| ঋণীর নামঃ .................................. | ঋণ নঃ .................................................. |
| এসএফডিএফ সদস্যঃ হ্যাঁ/না | প্রকল্পের নামঃ .......................................... |
| ঋণীর ধরণঃ পুরুষ/মহিলা | |

স্বাক্ষরঃ .................................. স্বাক্ষরঃ ..................................

নামঃ .................................... নামঃ ....................................

উপজেলা ব্যবস্থাপক আঞ্চলিক ব্যবস্থাপক

কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল পরিশিষ্ট-০৮

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন(এসএফডিএফ)**

**প্রণোদনা প্যাকেজ ঋণ কার্যক্রম**

**আদায় রশিদ** অফিস কপি

নং...................................... তারিখ.................

উপজেলার নামঃ...............................................ঋণীর নাম...................................................................

সদস্য নং................... ঋণের ক্রমিক নং...................... ঠিকানা...................................................................

| ক্রমিক নং | আদায়ের বিবরণ | টাকা |
|---|---|---|
| | ০১। আবেদন পত্র, পাশ বই ও এসএমএস ফি...................<br>০২। এপ্রাইজাল ফি ..................................................<br>০৩। ঋণ আদায় আসল .............................................<br>০৪। সার্ভিস চার্জ আদায়.............................................<br>০৫। ঝুঁকি..............................................................<br>০৬। যাচাই খরচ......................................................<br>০৭। সঞ্চয়.............................................................. | |
| | | মোটঃ |

টাকা (কথায়)...........................................................................................................................

প্রদানকারীরঃ
স্বাক্ষরঃ.........................................
নামঃ ..........................................

গ্রহণকারীর স্বাক্ষরঃ
নামঃ...............................................
পদবীঃ .............................................

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন** গ্রহক কপি

ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কর্মসূচি

আদায় রশিদ

নং............................................ তারিখ...................

উপজেলার নামঃ...............................................ঋণীর নাম............................................................. সদস্য নং.................. ঋণের ক্রমিক নং..................... ঠিকানা.........................................................................................

| ক্রমিক নং | আদায়ের বিবরণ | টাকা |
|---|---|---|
| | ০১। আবেদন পত্র, পাশ বই ও এসএমএস ফি.........................<br>০২। এপ্রাইজাল ফি .....................................................<br>০৩। ঋণ আদায় আসল ................................................<br>০৪। সার্ভিস চার্জ আদায়................................................<br>০৫। ঝুঁকি.................................................................<br>০৬। যাচাই খরচ.........................................................<br>০৭। সঞ্চয়................................................................. | |
| টাকা | | মোটঃ |

(কথায়)........................................................................................................................

প্রদানকারীরঃ
স্বাক্ষরঃ........................................
নামঃ .........................................

গ্রহণকারীর স্বাক্ষরঃ
নামঃ...............................................
পদবীঃ .............................................

কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল পরিশিষ্ট-০৯

# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন(এসএফডিএফ)
## প্রণোদনা প্যাকেজ ঋণ কার্যক্রম

**কোভিড প্রণোদনা তহবিল ব্যতিরেকে অন্যান্য বিভিন্ন উৎসের আদায়কৃত টাকা প্রধান কার্যালয়ে প্রেরণের মাসিক বিবরণী**

মাসের নাম ঃ.......................

উপজেলার নাম ঃ.......................

সার্ভিস চার্জ

| তহবিলের নাম | চলতি মাসের শুরুতে মোট মূলধন | চলতি মাসের শুরুতে মোট ব্যাংক সুদ | চলতি মাসে ঋণ আদায় | চলতি মাসে সাঃচার্জ আদায় (8%) | চলতিমাসে প্রধান কার্যালয়ে সাঃচার্জ প্রেরণ | চলতিমাস শেষে ক্রমপুঞ্জিত মূলধন | চলতিমাস শেষে ক্রমপুঞ্জিত ব্যাংক সুদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা ঋণ | | | | | | | | |

ঝুকিঁ তহবিল

| তহবিলের নাম | চলতি মাসের শুরুতে স্থিতি | চলতি মাসে ঋণ বিতরণ | চলতি মাসে আদায়কৃত ঝুকিঁ তহবিল | চলতি মাসে প্রধান কার্যালয়ে প্রেরণ | চলতি মাস শেষে স্থিতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা ঋণ | | | | | | |
| মোট= | | | | | | |

সদস্য সঞ্চয়

| তহবিলের নাম | চলতি মাসের শুরুতে স্থিতি | চলতি মাসে সঞ্চয় আদায় | চলতি মাসে সঞ্চয় উত্তোলন | চলতি মাসে সমন্বয় ও ফেরত | চলতি মাসে প্রধান কার্যালয়ে প্রেরণ | চলতি মাস শেষে উপজেলার বিদ্যমান স্থিতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা ঋণ | | | | | | | |
| মোট= | | | | | | | |

বিবিধ আয়

| তহবিলের নাম | ঋণের খাত | চলতি মাসের শুরুতে স্থিতি | চলতি মাসে আদায় | চলতি মাসে প্রধান কার্যালয়ে প্রেরণ | চলতি মাস শেষে স্থিতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা ঋণ | ঋণের আবেদন পত্র, পাশ বই ও এসএমএস সার্ভিস ফি | | | | | |
| | যাচাই খরচ | | | | | |
| | মূল্যায়ন/এ্যাপ্রাইজাল ফি | | | | | |
| | সংশ্লিষ্ট ব্যাংক হিসাব থেকে অর্জিত সুদ | | | | | |
| | মোট= | | | | | |

মাঠ কর্মকর্তার নামওয়ারী সার্ভিস চার্জ:

১। সার্ভিস চার্জ =

ক.

খ.

গ.

সর্বমোট প্রেরণঃ

____টাকা

২। ঝুকিঁ তহবিল = ____টাকা

৩। সদস্য সঞ্চয় = ____টাকা

৪। বিবিধ আয় = ____টাকা

সর্বমোট = টাকা

ব্যাংক স্থিতিঃ

উপজেলা ব্যবস্থাপকের সীল ও স্বাক্ষর